গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয়
## বান্দরবান পার্বত্য জেলা পরিষদ
বান্দরবান।
ফোন ঃ +৮৮০২৩৩৩৩০২১৬১ (অফিস), www.bhdc.gov.bd, bhdcbd@gmail.com

# বান্দরবান পার্বত্য জেলা পরিষদের ২০২৪ সালের ১ম মাসিক সভার কার্যবিবরণী

সভাপতি ঃ ক্য শৈ হ্লা
চেয়ারম্যান
বান্দরবান পার্বত্য জেলা পরিষদ।
সভার স্থান ঃ পরিষদ সভাকক্ষ।
তারিখ ও সময় ঃ ২২ জানুয়ারী ২০২৪, সকাল- ১০.০০ টা।

সভার উপস্থিতির বিবরণ পরিশিষ্ট- "ক" এ দ্রষ্টব্য।

উপস্থিত সকলকে স্বাগত ও শুভেচ্ছা জানিয়ে সভার কাজ আরম্ভ করা হয়। সভায় বিগত ১৫ নভেম্বর, ২০২৩ খ্রিস্টাব্দে অনুষ্ঠিত সর্বশেষ মাসিক সভার কার্যবিবরণী পাঠ করে শোনানো হয় এবং বিস্তারিত পর্যালোচনান্তে কার্যবিবরণীটি দৃঢ়করণ করা হয়।

অত:পর সভায় নিম্নরূপ আলোচনা ও সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহিত হয় ঃ

| ক্র: নং | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|
| ০১ | **স্বাস্থ্য বিভাগ :** | | |
| | ১.১) (ক) **সদর হাসপাতালের চিকিৎসা সেবার মান উন্নয়ন ও পরিষ্কার-পরিচ্ছন্ন রাখা সংক্রান্ত** ঃ<br>সদর হাসপাতালে সেবার মান উন্নয়নে চিকিৎসক, নার্স ও কর্মচারীদের নিয়মিত উপস্থিতি এবং সার্বিক কাজের মনিটরিং কার্যক্রমের তৎপরতা আরো বৃদ্ধি করা হয়েছে। সেবার মান কিছুটা উন্নত হয়েছে।<br>(খ) **সদর হাসপাতালে রোগীদের খাদ্য সরবরাহ সংক্রান্ত** ঃ<br>রোগীদের সরবরাহকৃত খাবারের মান নিশ্চিত করার জন্য তদারকী কার্যক্রম চলমান রাখার বিষয়ে আলোচনা হয়। | ১। সদর হাসপাতালের চিকিৎসা সেবা ও সার্বিক কার্যক্রমে গতিশীলতা আনয়নের জন্য মনিটরিং কার্যক্রমের তৎপরতা বৃদ্ধি করতে হবে।<br>২। রোগীদের মানসম্মত খাবার সরবরাহ নিশ্চিত করা এবং অবস্থানকালীন তাদের পরিচ্ছন্নতা ও সেবা প্রদানে তদারকি জোরদার করতে হবে। | জনাব ক্য সা প্রু<br>সম্মানিত সদস্য,<br>এ পরিষদ<br>ও<br>সিভিল সার্জন,<br>বান্দরবান। |
| | ১.২) **ন্যায্যমূল্য ঔষধের দোকান অপসারণ সংক্রান্ত** ঃ<br>সদর হাসপাতালের ক্যাম্পাসে স্থিত নায্যমূল্য ওষুধের দোকানটি অন্যত্র স্থানান্তেরের বিষয় আলোচনা হয়। নবনির্মিত ২৫০ বেডের নির্মানাধীন হাসপাতাল ভবনে নায্যমূল্য ওষুধের পুরাতন দোকানটি স্থানান্তরের সম্ভব না হওয়া পর্যন্ত বিকল্প স্থানে স্থাপনের বিষয়ে বিস্তারিত আলোচনা হয়। | ১) অনতিবিলম্বে নায্যমুল্য ঔষধের দোকান বিকল্প জায়গায় স্থানান্তরের ব্যবস্থা গ্রহণ করতে হবে।<br>২) বিকল্প জায়গা নির্ধারণ হওয়ার সাথে সাথে সাময়িক ব্যবহারের জন্য স্বল্পমূল্যে দোকান ঘর তৈরীর ব্যবস্থা নিতে হবে। | সিভিল সার্জন<br>ও<br>আর এম ও,<br>সদর হাসপাতাল<br>নির্বাহী প্রকৌশলী,<br>এ পরিষদ। |
| | ১.৩) **আলীকদম পুরাতন স্বাস্থ্য কমপ্লেক্স'র জমি বেদখল সংক্রান্ত** ঃ<br>সরকারি জমি/স্থাপনা দখলকারী স্বাস্থ্য বিভাগের কর্মচারী জনাব ইয়াছিন শরীফ এর বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণের জন্য বেশ কয়েকবার পরিষদ মাসিক সভায় আলোচনা হলেও তার বিরুদ্ধে আইনানুগ কোন পদক্ষেপ গ্রহণ না করায় সভায় সভাপতি অসন্তোষ প্রকাশ করেন। সংশ্লিষ্ট তদন্ত কমিটির পরিদর্শন প্রতিবেদনের আলোকে উক্ত কর্মচারীর বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থাসহ উচ্ছেদ মামলা প্রক্রিয়া গ্রহণের জন্য জোরালো দৃষ্টি আকর্ষণ করা হয়। | পরিদর্শন প্রতিবেদনের আলোকে অবৈধ দখলকারী কর্মচারীর বিরুদ্ধে উচ্ছেদ মামলা রুজু এবং অন্যান্য আইনানুগ ব্যবস্থা গ্রহণ পূর্বক পরিষদকে অবহিত করতে হবে। | কনভেনিং কমিটি ও<br>সিভিল সার্জন,<br>বান্দরবান। |
| | ১.৪) **লামা হাসপাতালের সেবা কার্যক্রম** ঃ<br>ডেপুটি সিভিল সার্জন জানান, লামা হাসপাতালে আউটসোর্সিং এর মাধ্যমে জনবল নিয়োগ এর কার্যক্রম প্রায় শেষ পর্যায়ে। উক্ত নিয়োগ কার্যক্রমের আওতায় স্থানীয় বাসিন্দাদের নিয়োগ দেয়ার সিদ্ধান্ত ছিল। উক্ত সিদ্ধান্ত বাস্তবায়ন হয়েছে কি'না নিশ্চিত হওয়া দরকার। | লামা হাসপাতালে আউটসোর্সিং এর মাধ্যমে নিয়োগপ্রাপ্তদের নাম, ঠিকানাসহ বিস্তারিত তথ্য সম্বলিত তালিকা পরিষদে প্রেরণ করতে হবে। | সিভিল সার্জন<br>বান্দরবান। |

চলমান-২

| ক্র:নং | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|
| | **১.৫) স্বাস্থ্য বিভাগে জনবল নিয়োগ ও সদ্য নিয়োগপ্রাপ্ত স্বাস্থ্য সহকারীদের প্রশিক্ষণ প্রদান সংক্রান্ত ঃ**<br>স্বাস্থ্য সহকারী পদে সদ্য নিয়োগপ্রাপ্তদের নির্ধারিত প্রশিক্ষণের ব্যবস্থা গ্রহণ এবং মাঠ পর্যায়ে স্বাস্থ্য সেবায় নিয়োজিত করার বিষয়ে সভায় পুনরায় আলোচনা হয়।<br>ডেপুটি সিভিল সার্জন জানান, ০১ জন স্বাস্থ্য সহকারীর বয়স সংক্রান্ত জটিলতায় Ibass+-এ এন্ট্রি না হওয়ায় বেতন-ভাতা পাচ্ছে না। এ প্রসঙ্গে মুখ্য নির্বাহী কর্মকর্তা বলেন, স্বাস্থ্য বিভাগসহ আরো ১টি বিভাগের নিয়োগপ্রাপ্ত কয়েকজনের ক্ষেত্রে এ সমস্যা হয়েছে। এ বিষয়ে মন্ত্রণালয়কে অবহিত করা হয়েছে। সিদ্ধান্ত না আসা পর্যন্ত সমস্যাটি সামাধান হবে না। এ ছাড়া সভায় নতুন নিয়োগপ্রাপ্তদের আয়কর রির্টাণ সনদ দাখিলের বিষয় নিশ্চিত করার লক্ষ্যে আলোকপাত করা হয়। | ১) দ্রুত প্রশিক্ষণের ব্যবস্থা করতে হবে। এ লক্ষ্যে সরকারিভাবে সম্ভব না হলে স্থানীয় ব্যবস্থায় পরিষদের অর্থায়নে স্বাস্থ্য কর্মীদের প্রশিক্ষণের ব্যবস্থার লক্ষ্যে বাজেট সংস্থানের চাহিদাপত্র পরিষদে দাখিল করতে হবে।<br>২) সরকারি সিদ্ধান্ত অনুযায়ী নতুন নিয়োগপ্রাপ্ত ও অন্যান্য সকল কর্মচারীদের TIN নম্বর সংগ্রহের ব্যবস্থা করতে হবে। | সিভিল সার্জন, বান্দরবান। |
| | **১.৬) কমিউনিটি ক্লিনিকে কার্যক্রম তদারকি ঃ**<br>ডেপুটি সিভিল সার্জন জানান যে, বিদ্যমান কমিউনিটি ক্লিনিক এর কার্যক্রম তদারকী চলমান। সেবার মান বৃদ্ধি করার প্রচেষ্টা অব্যাহত রয়েছে। | কমিনিউটি ক্লিনিক দ্বারা প্রদত্ত সেবা কার্যক্রমের প্রতিবেদন উপস্থাপন করতে হবে। | সিভিল সার্জন, বান্দরবান। |
| | **১.৭) বদলির আদেশপ্রাপ্ত চিকিৎসকদের ছাড়পত্র প্রদান সংক্রান্ত ঃ**<br>বান্দরবান সদর হাসপাতালসহ ০৭টি উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স ও ইউনিয়ন স্বাস্থ্য কেন্দ্রে পর্যাপ্ত চিকিৎসক নেই। এর মধ্যেও ইদানিং বেশ সংখ্যক চিকিৎসকের বদলি আদেশ হওয়ায় অন্যত্র বদলি হয়ে চলে গেছেন। ফলে চিকিৎসকের সংকট দেখা দিয়েছে। তাই প্রতিভূ কর্মকর্তা/চিকিৎসক পদায়ন ব্যতীত বদলি আদেশপ্রাপ্ত অব্যাহতি দেয়া যাবে না মর্মে সভায় পুনরায় আলোচনা হয়। প্রতিভূ ছাড়া ছাড়পত্র প্রদান করা হলে সরকারি চিকিৎসা সেবা ব্যবস্থা ভেঙ্গে পড়তে পারে। তাই স্বাস্থ্য সেবা যাতে ব্যাহত না হয়, সেদিক খেয়াল রাখতে হবে। এ প্রসঙ্গে মুখ্য নির্বাহী কর্মকর্তা জনান যে, বদলিকৃত চিকিৎসকের ছাড়পত্র প্রদানের প্রস্তাবে সিভিল সার্জন কর্তৃক সংশ্লিষ্ট পদে/কর্মস্থলে কর্মরত চিকিৎসকের বিবরণসহ সুস্পষ্ট মতামত পাওয়ার পর বদলিজনিত ছাড়পত্র প্রদানের অনুমোদন বিবেচনা করা হবে। | ১) বদলি আদেশপ্রাপ্ত চিকিৎসকের বিপরীতে প্রতিভু প্রদান স্বাপেক্ষে ছাড়পত্র দেয়া হবে।<br>২) প্রতিভূ প্রদান ব্যতীত চিকিৎসক বদলী না করার বিষয়ে উর্ধ্বতন কর্তৃপক্ষের নিকট পত্র লেখতে হবে। | সিভিল সার্জন, বান্দরবান। |
| | **১.৮) মেয়াদোত্তীর্ণ ঔষধ বিক্রি রোধ, অননুমোদিত ক্লিনিক এবং ভূয়া ডাক্তার সনাক্তকরণ ইত্যাদি কার্যক্রম বাস্তবায়ন :**<br>এ জেলায় বিভিন্ন ফার্মেসীতে মেয়াদোত্তীর্ণ ও ভেজান ঔষধ-পত্র বিক্রি রোধ, অননুমোদিত ক্লিনিক বন্ধকরণ এবং ভূয়া ডাক্তার যাতে অবৈধ চিকিৎসা সেবা প্রদান করতে না পারে সে জন্য কার্যকর পদক্ষেপ গ্রহণের বিষয়ে গুরত্বারোপ করা হয়। | ১) নিয়মিত ফার্মেসী পরিদর্শন করে ভেজাল ও মেয়াদোত্তীর্ণ ঔষধ বিক্রয় রোধ করতে হবে।<br>২) বিদ্যমান প্যাথলজি সেন্টার ও ক্লিনিকসমূহ পরিদর্শন করে অবৈধ সেন্টার বন্ধ করার ব্যবস্থা করতে হবে।<br>৩) বিভিন্ন ক্লিনিক/চেম্বার/ফার্মেসীতে বসে রোগী চিকিৎসা প্রদানকারীতে ডাটাবেস সংগ্রহ করতে হবে এবং ভূয়া চিকিৎসক চিহ্নিতকরণ অব্যাহত রাখতে হবে। | সিভিল সার্জন, বান্দরবান। |

| ক্র:নং | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|
| | **১.৯) তিন্দু বাজার স্বাস্থ্য সেবা সম্পর্কিত অভিযোগ :**<br>সম্মানিত সদস্য জনাব তিংতিংম্যা জানান, সম্প্রতি থানছি এলাকা তিন্দু বাজার সফরের সময় সেখানকার মহিলাদের থেকে জানতে পেরেছেন যে, গর্ভবর্তী মহিলা কোন টিকা নেয়নি। কি কি টিকা নিতে হয় তারা তাও জানে না। বাজারের পাশে অবস্থিত একটি স্বাস্থ্য কেন্দ্র রয়েছে, সেটি প্রায় সময় বন্ধ থাকে মর্মে তারা জানিয়েছে। একইভাবে জিন্না পাড়া স্বাস্থ্য সেবা কেন্দ্র এর অবস্থাও তদ্রুপ। বিষয়টি তদন্ত করে চিকিৎসা সেবা কার্যক্রম চালু করার আশু ব্যবস্থা গ্রহণের জন্য সিভিল সার্জন ও সংশ্লিষ্টদের দৃষ্টি আকর্ষণ করেন। | থানছি উপজেলাধীন তিন্দু বাজার এবং জিন্না পাড়াস্থ স্বাস্থ্য কেন্দ্রটি কমিউনিটি ক্লিনিক বা ইউনিয়ন স্বাস্থ্য সেবা কেন্দ্র কিংবা পরিবার কল্যাণ কেন্দ্র কি'না যাচাই করে সেখানকার কর্মকর্তা কর্মীদের মধ্যে দায়িত্ব পালনে অবহলোকারীদের প্রশাসনিক ব্যবস্থা নিতে হবে।<br>বর্ণিত কেন্দ্রসমূহ এর স্বাস্থ্য সেবা কার্যক্রম নিয়মিত চালু রাখার বিষয়টি নিশ্চিত করতে হবে। | সিভিল সার্জন, বান্দরবান। |
| ২ | **স্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর (HED) ঃ**<br>স্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর এর প্রতিনিধি কর্তৃক বিভাগীয় কার্যক্রমের অগ্রগতি তুলে ধরা হয়।<br># ম্যাটস ভবনের বিদ্যুৎ সংযোগের জন্য ফি জমা দেয়া হয়েছে<br># জেলা পরিবার পরিকল্পনা কার্যালয় ভবন নির্মাণের কাজ পাইলিং শেষ। বেসের মাটি কাটা চলছে।<br># জেলা পণ্যাগার উর্দ্ধমুখী ভবন সম্প্রসারণ কাজ শেষ। পরিচালক (প্ল্যানিং) -কে বুঝে দেয়া হবে।<br># ০৪টি কমিউনিটি ক্লিনিক নির্মাণ/পুন:নির্মাণ কাজ চলমান।<br># উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স উন্নয়ন কাজ চলমান।<br># আলীকদম স্বাস্থ্য কমপ্লেক্সের বাউন্ডারী ওয়াল উচুকরণ চলমান। | # জেলা পরিবার পরিকল্পনা কার্যালয় ভবন নির্মাণ কাজ কম সংখ্যক শ্রমিক দিয়ে করা হচ্ছে। যা তাৎক্ষণিক পরিদর্শনে জানা যায়। প্রয়োজনীয় সংখ্যক শ্রমিক নিয়োগ করে দ্রুত কাজ এগিয়ে নেয়ার তাগিদ দেয়া হলো।<br># অন্যান্য সকল উন্নয়ন প্রকল্প কাজ যথাযথ বাস্তবায়ন নিশ্চিত করতে হবে।<br># আলীকদম স্বাস্থ্য কমপ্লেক্সের অব্যবহৃত ঘর নিলামের ব্যবস্থা করতে হবে। | সহকারী প্রকৌশলী স্বাস্থ্য প্রকৌশল, অধিদপ্তর, বান্দরবান। |
| ৩ | **পরিবার পরিকল্পনা বিভাগ ঃ**<br>**৩.১) জনবল নিয়োগ সংক্রান্ত ঃ**<br>উপপরিচালক জানান যে, সম্প্রতি বাস্তবায়িত নিয়োগ কার্যক্রমে লামা উপজেলাধীন ফাঁসিয়াখালী ইউনিয়ন স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কেন্দ্রে **পরিবার পরিকল্পনা পরিদর্শক** পদে নির্বাচিত প্রার্থী ব্যক্তিগত কারণে যোগদান করেনি। ফলে তদস্থলে উক্ত পদের অপেক্ষমান তালিকায় বর্নিত প্রার্থীকে নিয়োগ দেয়ার ব্যবস্থা গ্রহণের প্রস্তাব করা হয়।<br>সভাপতি বলেন, অপেক্ষমান তালিকাভুক্ত প্রার্থীর স্থায়ী বাসিন্দা সনদ এবং অন্যান্য রেকর্ড-পত্রসহ স্বাস্থ্যগত সনদ ও ডোপ টেস্ট সনদ যাচাই করে নিয়োগের ব্যবস্থা গ্রহণ করা যায়। | ফাঁসিয়াখালী ইউনিয়নে **পরিবার পরিকল্পনা পরিদর্শক** এর শুন্যপদে অপেক্ষমান তালিকাভুক্ত প্রার্থীকে তার স্থায়ী বাসিন্দা সনদ এবং অন্যান্য রেকর্ড-পত্রসহ স্বাস্থ্যগত সনদ ও ডোপ টেস্ট সনদ যাচাই সাপেক্ষে যথাযথ বিবেচনায় নিয়োগের ব্যবস্থা গ্রহণ করা যায়। | উপপরিচালক পরিবার পরিকল্পনা বান্দরবান। |
| | **৩.২) কর্মকর্তার উপস্থিতি নিশ্চিতকরণ সংক্রান্ত ঃ**<br>মাঠ পর্যায়ে সেবার মান বৃদ্ধির জন্য বিভিন্ন এলাকায় নিয়োজিত স্বাস্থ্যকর্মীদের স্বাস্থ্য সেবা কার্যক্রমের গতিশীলতা আনয়ন ও সেবার মান বৃদ্ধির জন্য সংশ্লিষ্ট নিয়ন্ত্রণকারী কর্মকর্তাদের অনলাইনে/অফলাইনে তদারকী জোরদারকরণ ও তা অব্যাহত রাখার বিষয়ে সভায় আলোচনা হয়। | মাঠ পর্যায়ে নিয়োজিত স্বাস্থ্যকর্মীদের নিয়মিত ও যথাযথ স্বাস্থ্য সেবা প্রদানের মাধ্যে সেবার মান বৃদ্ধির জন্য অনলাইনে/অফলাইনে তদারকী জোরদারকরণ ও তা অব্যাহত রাখতে হবে। | উপপরিচালক পরিবার পরিকল্পনা বান্দরবান। |

চলমান-৪

| ক্র:নং | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|
| | ৩.৩) **মাতৃমঙ্গঁল ৫০ শয্যায় উন্নীতকরণ ঃ**<br>জেলা সদরস্থ মা ও শিশু কল্যাণ কেন্দ্র ৫০ শয্যায় উন্নীত করতে ডিপিপি দাখিলকৃত। প্রস্তাবিত প্রকল্পটি ওপিতে অন্তর্ভুক্ত হয়েছে মর্মে জানা গেছে। স্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তরের কোন প্রতিনিধি উপস্থিত না থাকায় অগ্রগতি জানা যায়নি। | সংশ্লিষ্ট দপ্তরে যোগাযোগ করে প্রকল্প অনুমোদন গ্রহণের কাজ সম্পন্ন করতে হবে। | সহকারী প্রকৌশলী, স্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর |
| | ৩.৪) **নবসৃষ্ট ইউনিয়ন বিভিন্ন পদ সৃজন সংক্রান্ত ঃ**<br>এ জেলায় নবসৃষ্ট ০৪টি ইউনিয়নে জনবল কাঠামো সৃজন না হওয়ায় বিভিন্ন পর্যায়ের জনবল নিয়োগ করা যাচ্ছে না। প্রয়োজনীয় জনবল নিয়োগের লক্ষ্যে সাংগঠিক কাঠামোসহ প্রশাসনিক অনুমোদনের জন্য কর্তৃপক্ষের বরাবর প্রস্তাব দাখিল করা হয়েছে। এখনো কোন অগ্রগতি হয়নি। | অধিদপ্তরের সাথে যোগযোগ অব্যাহত রাখতে হবে। | উপপরিচালক, পরিবার পরিকল্পনা, বান্দরবান। |
| | ৩.৫) **দরদরী ইউনিয়ন স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কেন্দ্রে সীমানা প্রাচীর নির্মাণ সংক্রান্ত ঃ**<br>উপপরিচালক, পরিবার পরিকল্পনা, বান্দরবান সভায় জানান যে, দরদরী ইউনিয়ন স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কেন্দ্রে সীমানা প্রাচীর নিয়ে সৃষ্ট জটিলতা নিরসনের লক্ষ্যে গঠিত কমিটি কর্তৃক উক্ত কেন্দ্র সরজমিনে পরিদর্শনের পর সীমানা প্রাচীর এর অর্ধাংশ নির্মাণ করতে সক্ষম হয়েছে। দখলকারী দাবির প্রেক্ষিতে বাকী অংশের কাজ বন্ধ রয়েছে এবং দাবীর স্বপক্ষে তাদের উপযুক্ত কাগজপত্র দাখিলের জন্য বলা হয়েছে। এখনো কাগজপত্র পাওয়া যায়নি। | অবিলম্বে জায়গা দখলকারীদের নিকট হতে মালিকানার স্বপক্ষে কাগজপত্র সংগ্রহ করতে হবে এবং দ্রুত জটিলতা নিরসনের ব্যবস্থা নিতে হবে। | জনাব দুংড়ি মং মার্মা সম্মানিত সদস্য ও আহ্বয়াক তদন্ত কমিটি এবং উপপরিচালক প:প:, বান্দরবান। |
| | ৩.৬) **এফডাব্লিউসি সংস্কার/মেরামত সংক্রান্ত :**<br>কুহালং এফডাব্লিউসি মেরামত এবং সুয়ালক এফডাব্লিউসিতে পানীয় জলের ব্যবস্থা করা প্রয়োজন। এ বিষয়ে সভাপতি সদয় দৃষ্টি আকর্ষণ করা হয়। | কুহালং এফডাব্লিউসি মেরামতের ব্যবস্থা নিতে হবে। | সহকারী প্রকৌশলী, স্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর |
| | | সুয়ালক এফডাব্লিউসিতে পানীয় জলের ব্যবস্থা করতে হবে। | নির্বাহী প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর |
| ৪ | **সমাজসেবা অধিদপ্তর ঃ**<br>৪.১) **জাতীয় সমাজকল্যাণ পরিষদের এককালীন অনুদান বিতরণ :**<br>উপপরিচালক, সমাজসেবা জানান যে, চলমান অর্থবছরে প্রাপ্ত বরাদ্দ দ্বারা জেলা কমিটির সিদ্ধান্তক্রমে সংশ্লিষ্ট উপকারভোগীদের এককালীন অনুদান প্রদান করা হয়েছে। | অবহিত হওয়া গেল। | উপপরিচালক, সমাজসেবা অধিদপ্তর, বান্দরবান। |
| | ৪.২) **ক্যান্সার, কিডনী, .......... ও থ্যালাসেমিয়ায় আক্রান্ত রোগীদের এককালীন অনুদান বিতরণ :**<br>উপপরিচালক, সমাজসেবা জানান যে, চলমান অর্থবছরের ১ম কিস্তির অর্থ অদ্য ২২ জানুয়ারি, ২০২৪ খ্রি: বিকাল ৪.০০ টায় বান্দরবান আসনে মাননীয় সংসদ সদস্য জনাব বীর বাহাদুর উশৈসিং এর মাধ্যমে ২৬জনকে বিতরণ করা হবে। | অবহিত হওয়া গেল। পরবর্তী ২য় কিস্তির বরাদ্দ পাওয়ার পর একইভাবে অনুদান বিতরণের ব্যবস্থা করতে হবে। | উপপরিচালক, সমাজসেবা অধিদপ্তর বান্দরবান। |
| | ৪.৩) **ভিক্ষুক পুনর্বাসন কার্যক্রম সংক্রান্ত :**<br>সমাজসেবা অধিদপ্তর ও বাংলাদেশ জাতীয় সমাজকল্যাণ পরিষদ হতে প্রাপ্ত বরাদ্দ জেলা কমিটির সিদ্ধান্তক্রমে চেকমূলে উপজেলায় পাঠানো হয়েছে। সংশ্লিষ্ট উপকারভোগীদের ক্ষুদ্র ব্যবসার জন্য দোকান করে দেয়া হয়েছে। | অবহিত হওয়া গেল। উপজেলা কমিটির মাধ্যমে উপকারভোগীদের দোকান পরিচালনার কার্যক্রম নিয়মিত মনিটরিং এর ব্যবস্থা করতে হবে। বিভিন্ন জেলা থেকে আগত ভিক্ষুকদের নিজ জেলায় পাঠিয়ে দেয়ার ব্যবস্থা করতে হবে এবং এ সংক্রান্ত পদক্ষেপ গ্রহণ করে অবহিত করতে হবে। | উপপরিচালক, সমাজ সেবা অধিদপ্তর, বান্দরবান। |

চলমান-৫

| ক্র:নং | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|
| | ৪.৪) **রোগী কল্যাণ সমিতির কার্যক্রমের জন্য রুম বরাদ্দ :** সিভিল সার্জন, বান্দরবান এর আন্তরিক হস্তক্ষেপে লামা উপজেলা ও থানচি উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে রোগী কল্যাণ সমিতির জন্য কক্ষ বরাদ্দ পাওয়ায় সিভিল সার্জন-কে উপ-পরিচালক, সমাজসেবা ধন্যবাদ জ্ঞাপন করেন। অন্যান্য উপজেলায়ও অনুরূপভাবে কক্ষ বরাদ্দ প্রদানের ব্যবস্থা গ্রহণের জন্য সিভিল সার্জনের দৃষ্টি আকর্ষণ করা হয়। | অবহিত হওয়া গেল। পর্যায়ক্রমে নাইক্ষ্যংছড়ি, আলীকদম, রোয়াংছড়ি এবং রুমা স্বাস্থ্য কমপ্লেক্সে রোগী কল্যাণ সমিতির জন্য কক্ষ বরাদ্দ প্রদানের ব্যবস্থা করতে হবে। | সিভিল সার্জন এবং উপপরিচালক, সমাজসেবা অধিদপ্তর, বান্দরবান । |
| | ৪.৫) **সরকারি শিশু পরিবারের ড্রেন ও অন্যান্য মেরামত সংক্রান্ত:** এ প্রসঙ্গে পরিষদের নির্বাহী প্রকৌশলী জানান যে, চলতি অর্থবছরে পরিষদ এর অর্থায়নে বাউন্ডারীওয়াল সংলগ্ন ড্রেন এবং সিঁড়ি নির্মাণ করা হবে। ইতোমধ্যে টেন্ডার কার্যক্রম সম্পন্ন করা হয়েছে।<br>এছাড়া নিবাসীদের ভবনের টয়লেট সংস্কার ও মেঝেতে ম্যাট সংযোজন করে খেলার উপযোগী করার জন্য সাবেক মন্ত্রী ও মাননীয় সংসদ সদস্য মহোদয় নির্দেশনা দিয়েছেন দিয়েছেন মর্মে উপপরিচালক সভায় জানান। | ১) ড্রেন নির্মাণ ও সিড়ি নির্মাণ কাজ যথাযথভাবে বাস্তবায়ন করতে হবে।<br>২) আগামী অর্থবছরে টয়লেট সংস্কার এবং প্রয়োজনীয় ম্যাট সরবরাহের ব্যবস্থা করতে হবে। | নির্বাহী প্রকৌশলী এ পরিষদ। |
| ০৫ | **কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, বান্দরবান** ঃ<br>৫.১) **রবি মৌসুমে ভূট্টা, সরিষা, চিনাবাদাম ও সূর্যমুখী আবাদে প্রণোদনা কর্মসূচী** ঃ রবি মৌসুমে ভূট্টা, সরিষা, চিনাবাদাম ও সূর্যমুখী আবাদ বৃদ্ধির জন্য প্রণোদনা কর্মসূচীর আওতায় ২৫৬০ জন ক্ষুদ্র ও প্রান্তিক কৃষকের মাঝে প্রতি কৃষককে ০১ বিঘা জমির জন্য নিম্নোক্ত কৃষিজ দ্রব্যাদি প্রদান করা হয়।<br>ক) ০২ কেজি হাইব্রিজ ভূট্টা বীজ, ২০ কেজি ডিএপি সার ও ১০ কেজি এমওপি সার<br>খ) ০১কেজি সরিষা (উফশী) বীজ, ১০ কেজি ডিএপি ও ১০কেজি এমওপি সার<br>গ) ১০কেজি চিনাবাদাম (উফশী) বীজ, ১০কেজি ডিএপি ও ৫কেজি এমওপি সার<br>ঘ) ০১কেজি হাইব্রিড সূর্যমুখী বীজ, ১০কেজি ডিএপি ও ১০কেজি এমওপি সার।<br>বর্ণিত কর্মসূচী যথাযথভাবে বাস্তবায়ন হয়েছে। বর্তমানে উক্ত ফসল কৃষকের মাঠে রয়েছে। | অবহিত হওয়া গেল। | উপপরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, বান্দরবান। |
| | ৫.২) **২০২৩-২৪ অর্থবছরে প্রণোদনা কর্মসূচীর আওতায় বোরো ধানের (হাইব্রিড) চাষাবাদ ব্লক প্রদর্শনী স্থাপন** ঃ<br>রবি/২০২৩-২৪ মৌসুমে বোরো ধানের (হাইব্রিড) সমলয় চাষাবাদ ব্লক প্রদর্শনী স্থাপন কর্মসূচীর আওতায় লামা উপজেলার কলিঙ্গা বিলে কৃষক দলের মাধ্যমে ৫০ একরের সমলয় আবাদ করার জন্য ৩০০ কেজি হাইব্রিড বীজ ৪৫০০ কেজি ইউরিয়া, ২০০০ কেজি ডিএপি ও ২৫০০ কেজি এমওপি সার প্রদান করা হয়েছে। আগামী ২৯/১/২০২৪ খ্রি: প্রথম পর্যায়ে ধানের চারা রোপন উদ্বোধন করা হবে বলে সভায় জানানো হয়। | গৃহিত কর্মসূচীর বিস্তারিত প্রতিবেদন পরিষদে দাখিল করতে হবে। | উপপরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, বান্দরবান। |
| | ৫.৩) **এমডি-২ সুপার সুইট জাতের আনারস প্রণোদনা** ঃ<br>২০২৩-২৪ অর্থবছরে ৪০ জন কৃষকের মাঝে এমডি-২ সুপার সুইট জাতের আনারসের চারা বিতরণের কার্যক্রম চলমান। আগামী এপ্রিল/২০২৪ নাগাদ প্রতি কৃষককে ০.৫ বিঘা জমির জন্য ২২৫০ টি করে চারা বিতরণ করা হবে। | সুফলভোগী কৃষকদের তালিকা পরিষদে প্রেরন করতে হবে। | উপপরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, বান্দরবান। |
| | ৫.৪) **রাজস্ব খাতের আওতায় প্রদর্শনী স্থাপন** ঃ<br>রাজস্ব খাতের আওতায় ২০২৩-২৪ অর্থবছরে আউশ ৩০টি, আমন ৩০টি, বোরো ৭৫টি, ভূট্টা ১০টি, গম ০৬টি, সরিষা ৬৫টি, চীনাবাদাম ০৮টি, পেঁয়াজ ২০টি সর্বমোট: ২৪৪টি প্রদর্শনী বাবদ বরাদ্দ পাওয়া গেছে। বিভিন্ন মৌসুমে এ সকল প্রদর্শনী প্লট স্থাপনের মাধ্যমে ফসলের নতুন জাত এবং নতুন প্রযুক্তি মাঠ পর্যায়ে সম্প্রসারিত করা হবে। | অবহিত হওয়া গেল। প্রদর্শনীর তালিকা পরিষদে সরবরাহ করতে হবে | উপপরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, বান্দরবান। |
| | ৫.৫) **তামাকের বিকল্প ফসল আবাদ** ঃ<br>বান্দরবান পার্বত্য জেলা পরিষদ ও জেলা প্রশাসন, বান্দরবান এর সহযোগিতায় ২১০ জন কৃষকের (২১০ বিঘা) মাঝে তামাকের বিকল্প ফসল আবাদের উৎসাহ প্রদানের লক্ষ্যে উফশী জাতের সরিষা, চিনাবাদাম ও হাইব্রিড জাতের ভূট্টা বীজ সহায়তা প্রদান করা হয়েছে। | পরবর্তী সভায় কৃষকদের সমন্বয় আবাদের প্রয়াস ও অগ্রগতির বিষয়ে অবহিত করবেন। | উপপরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, বান্দরবান। |

চলমান-৬

<table>
<tr><th>ক্র:নং</th><th>আলোচনা</th><th>সিদ্ধান্ত</th><th>বাস্তবায়নকারী</th></tr>
<tr><td></td><td>৫.৬) <u>বিভাগীয় জমি সংক্রান্ত মামলা</u> ঃ<br>লামা উপজেলার ফাঁসিয়াখালী ইউনিয়ন এর জমির পরিমাণ-১ (এক) একর হুকুম দখল মামলা-১৫৫/ডি/৮০-৮১, মিস মামলা নং-৭৯ডি/৮৪-৮৫ আদালতে বিচারাধীন রয়েছে। মামলার শুনানীর তারিখ ১৩/২/২০২৪। ১(এক) একর হুকুম দখল মামলা-১৫৫/ডি/৮০-৮১ এর মালিকানা দাবী সংক্রান্ত বিবাদী কর্তৃক এডিএম কোর্ট, বান্দরবান পার্বত্য জেলায় দায়েরকৃত মামলা নং- মিস সিআর ১৩৬/২২, গত ১৫/০১/২০২৪ খ্রিঃ মহামান্য আদালত কর্তৃক কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের অনুকূলে রায় প্রদান করা হয়েছে।<br>এ ছাড়া সিনিয়র সহকারী জজ এর আদালতে চলমান অপর মামলা নং- ৯৪/১৯ এর পরবর্তী শুনানীর তারিখ- ২৫/০১/২০২৪ খ্রিঃ ধার্য হয়েছে এবং লামাস্থ সিজিএম কোর্ট-এ চলমান ফৌজদারী মামলা নং-২৯৪/১৯ এর পরবর্তী শুনানীর তারিখ : ১৩/০২/২০২৪খ্রিঃ ধার্য রয়েছে মর্মে সভায় উপস্থাপন করেন।</td><td>শুনানিতে নিয়মিত উপস্থিতি নিশ্চিত করতে হবে এবং মামলা অগ্রগতির বিষয়ে পরিষদকে জানাতে হবে।</td><td>উপপরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, বান্দরবান।</td></tr>
<tr><td></td><td>৫.৭) <u>বিবিধ</u> ঃ<br>ক) <u>জনবল নিয়োগ</u> : উপপরিচালক জানান, বয়স সংক্রান্ত জটিলতার কারণে জেলা হিসাব রক্ষণ অফিস কর্তৃক ০২ জন কর্মচারীকে আইবাস+ -এ তালিকাভুক্ত না করায় তারা অদ্যাবধি বেতন পায়নি।<br><u>(খ) সরকারি বাসভবন সংস্কার :</u><br>উপ-পরিচালক এর সরকারি বাসভবটি অনেক পুরানো হওয়ায় বর্তমানে দেয়ালসমুহের প্লাষ্টার খসে পড়ছে এবং দরজা জানালাগুলোও নষ্ট হয়ে গেছে। তাই ভবনটি দ্রুত মেরামতের ব্যবস্থা গ্রহণের জন্য সভায় প্রস্তাব করা হয়।</td><td>অবহিত হওয়া গেলা। বয়স শিথিল সংক্রান্ত প্রজ্ঞাপন বহাল/পুনঃজ্জীবিত করার বিষয়ে প্রশানিক যোগাযোগ অব্যাহত।<br>আগামী অর্থবছরে প্রকল্প গ্রহণ করে ভবনটি মেরামতের ব্যবস্থা নিতে হবে।</td><td>নির্বাহী প্রকৌশলী এ পরিষদ।</td></tr>
<tr><td>৬.০।</td><td><u>হর্টিকালচার সেন্টার, বান্দরবান</u> ঃ<br>৬.১) <u>হিমাগারের পানি মজুদের জন্য পানি সরবরাহ ব্যবস্থা</u> ঃ<br>বিগত সভার সিদ্ধান্তের আলোকে হর্টিকালচার সেন্টার, বালাঘাটা, বান্দরবান -এ স্থাপিত শীতল শস্য সংরক্ষণাগার (হিমাগার) এর রিজার্ভ ট্যাংক হতে শীতল শস্য সংরক্ষণাগারে পানি সরবরাহের সংযোগ লাইন স্থাপনের লক্ষ্যে উপপরিচালক কর্তৃক নিম্নরূপ সম্ভাব্য ব্যয়ের চাহিদা উপস্থাপন করেন।<br>
<table>
<tr><th>ক্র: নং</th><th>বিবরণ</th><th>মোট মূল্য</th></tr>
<tr><td>১</td><td>প্লাষ্টিক কয়েল পাইপ ১৫০০ ফুট, থ্রেড পাইপ, চেকবল, গেইবলসহ অন্যান্য প্রয়োজনীয় ফিটিংস জিনিসপত্র</td><td>৬০,০০০/-</td></tr>
<tr><td>২</td><td>পাইপ ফিটিংস বাবদ স্যানিটারি মিস্ত্রির মজুরি</td><td>২০,০০০/-</td></tr>
<tr><td>৩</td><td>শ্রমিক (মাটির ১ফুট নিচে মাটি ড্রেইন কাটাসহ পুনরায় মাটি ভরাট)</td><td>৪০,০০০/-</td></tr>
</table>
সর্বমোট = ১,২০,০০০/-<br>জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর কর্তৃক আরো সাশ্রয়ী খরচে উক্ত পানি লাইন সংযোগ স্থাপন করা যায় মর্মে সভায় মত প্রকাশ করা হয়।</td><td>জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর কর্তৃক হর্টিকালচার সেন্টারের হিমাগারে পানি সংযোগ লাইন স্থাপনের ব্যবস্থা করতে হবে।</td><td>নির্বাহী প্রকৌশলী জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, বান্দরবান।</td></tr>
<tr><td></td><td>৬.২) <u>বাঁশের চারা উৎপাদন কর্মসূচি</u> ঃ<br>বান্দরবান পার্বত্য জেলা পরিষদের অর্থায়নে উৎপাদিত ৫০ হাজার বাঁশের চারা মধ্যে উল্লেখযোগ্য পরিমাণ চারা মজুত রয়ে গেছে। অবিতরণকৃত বাঁশের চারাগুলি অতিদ্রুত রোপন ও বিতরণে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করার জন্য সভায় অনুরোধ করা হয়।</td><td>অবশিষ্ট বাঁশের চারাগুলো এপ্রিল-মে, ২০২৪ মাসে রোপন/বিতরণের প্রয়োজনীয় ব্যবস্থা করতে হবে।</td><td>জনাব ক্যসাপ্রু, সম্মানিত সদস্য, এ পরিষদ এবং উপ-পরিচালক হর্টিকালচার সেন্টার, বান্দরবান।</td></tr>
</table>

চলমান-৭

<table>
<tr><th>ক্র:নং</th><th>আলোচনা</th><th>সিদ্ধান্ত</th><th>বাস্তবায়নকারী</th></tr>
<tr><td></td><td>৬.৩) <u>প্রধান ফটক/গেইট নির্মাণ</u> ঃ<br>নতুন ডিজাইনে নান্দনিক ফটক/গেইট নির্মাণের লক্ষ্যে ২০২৩-২৪ অর্থবছরের প্রকল্প গ্রহণ করা হয়েছে। ডিজাইনিং চলছে, ডিজাইন চূড়ান্ত হলে তা বাস্তবায়ন করা হবে মর্মে নির্বাহী প্রকৌশলী সভায় জানান।।</td><td>যথাযথভাবে প্রকল্পটি বাস্তবায়ন করা হবে। ডিজাইনে পার্বত্য এলাকার ঐতিহ্যের ছাপ থাকতে হবে।</td><td>নির্বাহী প্রকৌশলী এ পরিষদ</td></tr>
<tr><td></td><td>৬.৪) <u>চারা/কলমের উৎপাদন, বিতরণ ও মজুদ সংক্রান্ত</u> ঃ<br>হর্টিকালচার সেন্টারে ২০২৩-২০২৪ অর্থবছরে জানুয়ারি/২০২৪ পর্যন্ত উৎপাদিত চারা/কলমের বিতরণ ও মজুদ এর তথ্য সভায় উপস্থাপন করেন ঃ<br>
<table>
<tr><th rowspan="2">ক্রম</th><th rowspan="2">বিবরণ</th><th rowspan="2">লক্ষ্য মাত্রা</th><th colspan="2">উৎপাদন</th><th colspan="2">বিক্রয়/বিতরণ</th><th rowspan="2">মজুদ</th><th rowspan="2">মন্তব্য</th></tr>
<tr><th>বর্তমান বছরে উৎপাদন</th><th>পূর্ব বছরে জের</th><th>বিক্রয়</th><th>মৃত/বিনষ্ট /সেন্টারে রোপন</th></tr>
<tr><td>১</td><td>ফলের কলম</td><td>৪৫০০০</td><td>৩৭৪০০</td><td>৬৮০১৫</td><td>২০৯২১</td><td>১০৭৪৭</td><td>৭৩৭৪৭</td><td></td></tr>
<tr><td>২</td><td>ফলের চারা</td><td>৫৯৫০০</td><td>৪৯৩০০</td><td>৫১৪৫৪</td><td>১৪৮৫৫</td><td>১৭৬৭০</td><td>৬৮২২৯</td><td>কলমে ব্যবহার -৫২০০</td></tr>
<tr><td>৩</td><td>পাম জাতীয় চারা/ কলম</td><td>৪০০০</td><td>৪০০০</td><td>৮৩০৪</td><td>৪৪৬২</td><td>৬১০</td><td>৭২৩২</td><td>সে: রোপন</td></tr>
<tr><td>৪</td><td>মসলা জাতীয় চারা/কলম</td><td>৭৩০০</td><td>৫৩০০</td><td>২৫৫৮</td><td>১১৪৭</td><td>১৩১০</td><td>৫৪০১</td><td>-</td></tr>
<tr><td>৫</td><td>ঔষধি চারা/ কলম</td><td>৩২০০</td><td>৩২০০</td><td>২৭০৪</td><td>১৬৩১</td><td>১১৪০</td><td>৩১৩৩</td><td>-</td></tr>
<tr><td>৬</td><td>সবজি জাতীয়</td><td>৬৩৫০০</td><td>৬৩৫০০</td><td>০</td><td>১৫৩১৩</td><td>৪৮১৮৭</td><td>০</td><td>সে: রোপন-৩৭৫০০</td></tr>
<tr><td>৭</td><td>ফুলের চারা/কলম</td><td>২২৫০০</td><td>২২৫০০</td><td>৪৩৬৭</td><td>১৫১০৪</td><td>৮১৬০</td><td>৩৬০৩</td><td>সে: রোপন-৫৩০০</td></tr>
<tr><td>৮</td><td>শোভাবর্ধন কারী চারা/ কলম</td><td>৫০০০</td><td>৪৫০০</td><td>৭০৭৬</td><td>২৩১৫</td><td>১৬৪০</td><td>৭৬২১</td><td>-</td></tr>
<tr><td colspan="2">মোট</td><td>২১০০০০</td><td>১৮৯৭০০</td><td>১৪৪৪৭৮</td><td>৭৫৭৪৮</td><td>৮৯৪৬৪</td><td>১৬৮৯৬৬</td><td>কলমে ব্যব/সে: রোপন-৪৮০০০</td></tr>
</table>
হর্টিকালচার সেন্টারের উৎপাদিত বিভিন্ন মৌসুমি ফুলের চারা/কলম দাপ্তরিক/ব্যক্তিগত প্রয়োজন অনুসারে সরকারি নির্ধারিত মূল্যে ক্রয় করা যাবে মর্মে উপপরিচালক সভায় জানান। তিনি আরো জানান, নতুন সংযোজন হিসেবে চলতি মৌসুমে রোপনের উপযোগি সীমিত পরিমাণে চুইঝাল চারা উত্তোলন করা হয়েছে।</td><td>১. বিগত অর্থবছরের চারা/কলম উৎপাদন, বিক্রয় ও এ বাবদ আয়-ব্যয়ের হিসাব পরবর্তী সভায় তাগিদ দেয়া হলো।<br><br>২. চাহিদা মোতাবেক চুইঁঝাল উৎপাদন ও বিতরণ/বিক্রির ব্যবস্থা করতে হবে।<br><br>৩. মৌসুমি ফুলের চারা/কলম নির্ধারিত মূল্যে বিক্রয়ের বিষয়টি বিজ্ঞপ্তি জারির মাধ্যমে প্রচার করতে হবে।</td><td>উপপরিচালক, হর্টিকালচার সেন্টার, বালাঘাটা, বান্দরবান।</td></tr>
<tr><td></td><td>৬.৫) <u>কফি ও কাজুবাদাম ব্রান্ডিংকরণে প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ</u> :<br>উন্নতজাতের কাজুবাদাম ও কফি চারা/কলম উৎপাদন কার্যক্রম চলমান। বান্দরবান পার্বত্য জেলায় কাজুবাদাম চাষাবাদ ও উৎপাদন বৃদ্ধির লক্ষ্যে প্রকল্পের কম্বোডিয়া থেকে উন্নতমানের কাজুবাদাম বীজ আনা হয়েছে। চারা উত্তোলন চলমান।<br>এ ছাড়া কাজু বাদাম ও কফি চাষিদের সাথে ভোক্তা ও উদ্যোক্তাদের যোগসূত্র স্থাপনের কার্যক্রম চলমান রয়েছে মর্মে উপপরিচালক সভায় জানান।</td><td>বান্দরবান জেলায় উৎপাদিত কফি ও কাজুবাদাম ব্রান্ডিংকরণে প্রয়োজনীয় কার্যক্রম বাস্তবায়ন অব্যাহত রাখতে হবে।</td><td>উপপরিচালক, হর্টিকালচার সেন্টার, বালাঘাটা, বান্দরবান।</td></tr>
<tr><td>০৭</td><td><u>জনস্বাস্থ্য প্রকৌশল বিভাগ</u> ঃ<br>৭.১) <u>পার্বত্য চট্টগ্রাম সমন্বিত ও টেকসই পৌর পানি সরবরাহ ও স্যানিটেশন প্রকল্প বাস্তবায়ন সংক্রান্ত</u> ঃ<br>নির্বাহী প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, বান্দরবান সভায় জানান যে, এডিপি এর আওতায় পার্বত্য চট্টগ্রাম সমন্বিত ও টেকসই পৌর পানি সরবরাহ ও স্যানিটেশন (জিওবি-এডিবি)" শীর্ষক প্রকল্পটি টেন্ডারের প্রক্রিয়াধীন আছে এবং ভূমি অধিগ্রহণের কাজ চলমান রয়েছে।</td><td>প্রকল্প বাস্তবায়নের অগ্রগতি সম্পর্কে পরিষদকে অবহিত করতে হবে।</td><td>নির্বাহী প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধি:,বান্দরবান</td></tr>
</table>

| ক্র:নং | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|
| | ৭.২) <u>বান্দরবান পৌর পানি সরবরাহ সংক্রান্ত</u> ঃ<br>নির্বাহী প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর জানান, পরিষদ মাসিক সভার সিদ্ধান্ত মোতাবেক কার্যক্রমগুলো পরিচালিত হচ্ছে। পানির বিল আদায় কার্যক্রম গতিশীল করা হচ্ছে।<br>তিনি জানান যে, বান্দরবান অরুণ সারকি টাউন হলে অনেক বকেয়া পানি বিল রয়েছে। টাউন হলটি ইতোপূর্বে জেলা প্রশাসনের তত্ত্বাবধানে পরিচালিত। বিগত ২০১৭ সাল হতে জেলা পরিষদের তত্ত্বাবধানে পরিচালিত হয়ে আসছে। ২০১৭ সালের পূর্বেকার সময়ের পানি বিলের জন্য জেলা প্রশাসনের নেজারত শাখায় যোগাযোগ করা হয়েছে। এখনো কোন অগ্রগতি হয়নি।<br>আলোচনায় ২০১৭ সাল হতে বকেয়া পানি বিল বান্দরবান পার্বত্য জেলা পরিষদ কর্তৃক পরিশোধের বিষয়ে সভায় একমত পোষণ করা হয়। | ১। সকল গ্রাহক হতে নিয়মিত পানি বিল আদায় অব্যাহত রাখতে হবে এবং মাসিক বিল আদায়ের রিপোর্ট পরিষদে দাখিল করতে হবে।<br>২। ২০১৭ সাল হতে এ পর্যন্ত সময়ের পানির বিলের দাবী পরিষদে দাখিল করতে হবে এবং বিল প্রাপ্তির পর পরিষদ তা পরিশোধের ব্যবস্থা নেয়া হবে। | জনাব মো: মোজাম্মেল হক বাহাদুর, সম্মানিত সদস্য, এ পরিষদ এবং নির্বাহী প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধি:,বান্দরবান। |
| | ৭.৩) <u>চেয়ারম্যান বাংলো সংলগ্ন ডিপটিউবওয়েল সচল সংক্রান্ত</u> ঃ<br>চেয়ারম্যান বাংলোতে স্থাপিত ডিপ-টিউবওয়েলটি মেরামত করেও পানিতে ময়লা আসায় তা পরিত্যক্ত করা হয়েছে। তার পাশে নতুন করে একটি ডিপটিউবওয়েল স্থাপন করা হয়েছে। বর্তমানে পানি জলের সংকট নেই। | অবহিত হওয়া গেল। | নির্বাহী প্রকৌশলী জনস্বাস্থ্য প্রকৌশল অধি:, বান্দরবান। |
| | ৭.৪) <u>জনবল পদায়ন/অব্যাহতি সংক্রান্ত</u> ঃ<br>প্রত্যেক উপজেলায় বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে বাস্তবায়নের জন্য প্রয়োজনীয় সংখ্যক কর্মকর্তা নিয়োজিত আছে। তবে ইতোমধ্যে অনেকেই অন্যত্র বদলির জন্য চেষ্টা করছে। প্রতিভূ প্রদান ব্যতীত কোন কর্মকর্তাকে অব্যাহতি প্রদান না করার বিষয়ে সভায় আলোচনান্তে একমত পোষণ করা হয়।<br>এ প্রসঙ্গে সভাপতি বদলি আদেশপ্রাপ্ত কর্মকর্তাদের পরিষদের অনুমোদন ব্যতীত নির্বাহী প্রকৌশলী কর্তৃক ছাড়পত্র প্রদান না করার নির্দেশনা প্রদান করেন। | সংশ্লিষ্ট অধিদপ্তরের উর্ধ্বতন কর্তৃপক্ষের আদেশে বদলিপ্রাপ্ত কর্মকর্তার স্থলে প্রতিভু প্রদানের প্রস্তাব প্রেরণের সময় বিভাগীয় প্রধান সুস্পষ্ট মতামত দিয়ে/ সুপারিশ সহকারে পরিষদে প্রেরণের প্রেক্ষিতে ছাড়পত্র প্রদান করা হবে। | নির্বাহী প্রকৌশলী জনস্বাস্থ্য প্রকৌশল অধি:, বান্দরবান। |
| ০৮ | <u>প্রাথমিক শিক্ষা, বান্দরবান</u> ঃ<br>৮.১) <u>রুমা উপজেলা যদুরাম পাড়া স: প্রা: বিদ্যালয়ে শিক্ষকের বিরুদ্ধে রুজুকৃত বিভাগীয় মামলার রেকর্ডপত্র পরিষদে প্রেরণ সংক্রান্ত</u> ঃ<br>বিগত সভার সিদ্ধান্ত মোতাবেক বর্ণিত বিদ্যালয়ের সহকারী শিক্ষক জনাব উসাচিং মার্মা এর বিরুদ্ধে রুজুকৃত বিভাগীয় মামলা নিষ্পত্তি সংক্রান্ত রেকর্ডপত্র পরিষদে দাখিল না করায় সভায় এ বিষয়ে কোন আলোচনা করা যায়নি। | পূর্ববর্তী সভার সিদ্ধান্ত মোতাবেক নিষ্পত্তিকৃত সংশ্লিষ্ট বিভাগীয় মামলার সকল রেকর্ড পত্রাদি আগামী ০৭ দিনের মধ্যে পরিষদে দাখিলের জন্য তাগিদ দেওয়া হলো। | জেলা প্রাথমিক শিক্ষা অফিসার, বান্দরবান। |
| | ৮.২) <u>জেলা প্রাথমিক শিক্ষা অফিসের নতুন ভবন নির্মাণ সংক্রান্ত</u> ঃ<br>জেলা প্রাথমিক শিক্ষা অফিসার জানান যে, প্রাথমিক শিক্ষা বিভাগের নতুন ভবন নির্মাণের কাজের অগ্রগতি ১০%। নির্মাণ কাজ বর্তমানে চলমান আছে। বর্তমানে জেলা পরিষদের রেস্ট হাউস সংলগ্ন ভবনে অস্থায়ী কার্যালয়ে দাপ্তরিক কার্যক্রম পরিচালনা করা হচ্ছে। | ১। নতুন ভবন নির্মাণ কাজ তদারকি করতে হবে।<br>২। পরিষদে রেষ্ট হাউসে স্থাপিত প্রাথমিক শিক্ষা অফিস এর অস্থায়ী কার্যালয় হিসেবে ব্যবহৃত অফিস ফ্লোর/কক্ষের বিদ্যুৎ বিলসহ অন্যান্য বিল জেলা প্রাথমিক শিক্ষা অফিস কর্তৃক নিয়মিত পরিশোধের ব্যবস্থা করতে হবে। | জেলা প্রাথমিক শিক্ষা অফিসার, বান্দরবান। |
| | ৮.৩) <u>সহকারী শিক্ষক বদলি সংক্রান্ত</u> ঃ<br>বিগত সভার সিদ্ধান্ত মোতাবেক জাতীয় নীতিমালা অনুসরন করে বান্দরবান জেলার শিক্ষক বদলি নীতিমালার খসড়া পরিষদে দাখিল করা হয়নি। এ বিষয়ে জেলা প্রাথমিক শিক্ষা কর্মকর্তার দৃষ্টি আকর্ষণ করা হয়। | শিক্ষক বদলি নীতিমালা প্রণয়ন পূর্বক পরিষদে দাখিলের জন্য তাগিদ দেয়া হলো। | জেলা প্রাথমিক শিক্ষা অফিসার, বান্দরবান। |

চলমান-৯

| ক্র:নং | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|
| | ৮.৪) জনাব কামাল উদ্দিন, সহকারী উপজেলা শিক্ষা অফিসার, রোয়াংছড়ি এর দুর্নীতি তদন্ত ঃ<br>শিক্ষকদের নিকট হতে বিপুল পরিমাণ অর্থ আদায় ও আত্নসাৎকারী সহকারি উপজেলা শিক্ষা অফিসার জনাব কামাল উদ্দিন এর বিরুদ্ধে অধিদপ্তর কর্তৃক বিভাগীয় মামলা রুজু করা হয়েছে। ইতোমধ্যে প্রাথমিক পর্যায়ে শুনানী হয়েছে মর্মে জেলা প্রাথমিক শিক্ষা অফিসার সভায় জানান।<br>সহকারি উপজেলা শিক্ষা অফিসার জনাব কামাল উদ্দিন দীর্ঘদিন ধরে কর্মস্থলে অনুপস্থিত থাকার বিষয়ে বিগত সভার সিদ্ধান্ত মোতাবেক জেলা প্রাথমিক শিক্ষা অফিসার কর্তৃক গৃহিত প্রশাসনিক ব্যবস্থা সম্পর্কে কোন প্রতিবেদন/ব্যাখ্যা পাওয়া যায়নি। | ১) বিভাগীয় মামলার শুনানীতে সংশ্লিষ্ট অংশগ্রহণ এবং সত্য তথ্য উপস্থাপন নিশ্চিত করার জন্য জেলা প্রাথমিক শিক্ষা কর্মকর্তা-কে সার্বিক ব্যবস্থা গ্রহণ করতে হবে।<br>২) সহকারি উপজেলা শিক্ষা অফিসার জনাব কামাল উদ্দিন দীর্ঘদিন ধরে কর্মস্থলে অনুপস্থিত থাকার বিষয়ে গৃহিত প্রশাসনিক ব্যবস্থা সম্পর্কিত প্রতিবেদন/ব্যাখ্যা আগামী ১৫ দিনের মধ্যে পরিষদে দাখিল করতে হবে। | জেলা প্রাথমিক শিক্ষা অফিসার, বান্দরবান। |
| | ৮.৫) প্রাথমিক শিক্ষা বিভাগের বিবিধ কার্যক্রম সংক্রান্ত ঃ<br>ক) শিক্ষক/কর্মচারী পদোন্নতি :<br>প্রাথমিক শিক্ষা বিভাগের সহকারী শিক্ষক এবং বিভিন্ন গ্রেডের কর্মচারীদের পদোন্নতির বিষয়ে আলোচনা হয়। পদোন্নতি কার্যক্রমটি চলমান প্রক্রিয়া বিধায়, প্রাপ্যতা সাপেক্ষে যথাসময়ে পরিষদে উপস্থাপন পূর্বক নিষ্পত্তির ব্যবস্থা নেয়ার বিষয়ে গুরুত্বারোপ করা হয়। | আলোচনামতে সহকারী শিক্ষক এবং অন্যান্য কর্মচারীদের গ্রেডেশন তালিকাসহ চেকলিস্ট অনুযায়ী সমস্ত রেকর্ডপত্রসহ পরিষদে প্রস্তাব দাখিল করতে হবে। পদোন্নতির জন্য উপজেলা ভিত্তিক তালিকা যাচাই করে অধিদপ্তরে প্রেরণের পদক্ষেপ জোরদার করতে হবে। | জেলা প্রাথমিক শিক্ষা অফিসার, বান্দরবান। |
| | খ) বিদ্যালয় মনিটরিং :<br>প্রাথমিক শিক্ষার মান উন্নয়নের লক্ষ্যে বিদ্যালয় মনিটরিং এর দায়িত্বে নিয়োজিত কর্মকর্তাদের নিয়মিত বিদ্যালয় পরিদর্শন ও মনিটরিং কার্যক্রমে জোরদার আনয়নের বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়। প্রতিটি উপজেলায় ইউএটিও, ইউটিও, এইচটি, ডিপিইও এবং এসএমসি'র উপস্থিতিতে উপজেলা পর্যায়ে সমন্বয় বৈঠক করার জন্য জেলা প্রাথমিক শিক্ষা অফিসারের দৃষ্টি আকর্ষণ করা হয়। | ১) পরিষদের সম্মানিত সদস্য এবং ন্যস্ত বিভাগীয় প্রধানগণকে মাসিক ন্যূনতম ০২ টি প্রাথমিক বিদ্যালয় ভিজিট পূর্বক পরিষদে প্রতিবেদন দাখিল করতে হবে।<br>২) প্রতিটি উপজেলায় ইউএটিও, ইউটিও, এইচটি, ডিপিইও এবং এসএমসি'র উপস্থিতিতে সমন্বয়ে উপজেলা পর্যায়ে সমন্বয় বৈঠক করতে হবে। আগামী ০৩/২/২০২৪ খ্রি: নাইক্ষ্যংছড়ি উপজেলায় মাননীয় চেয়ারম্যানের উপস্থিতিতে সমন্বয় সভার আয়োজনের সিদ্ধান্ত গৃহিত হয়।<br>৩) উপজেলা শিক্ষা অফিসারদের মাসিক বিদ্যালয় পরিদর্শন পরিকল্পনা/ প্রতিবেদন পরিষদে প্রেরণ করতে হবে। | সম্মানিত সদস্য (সকল) এ পরিষদ এবং ন্যস্ত বিভাগীয় প্রধান (সকল)<br>জেলা প্রাথমিক শিক্ষা কর্মকর্তা, বান্দরবান। |
| | গ) বিদ্যালয়সমূহে পানীয় জলের ব্যবস্থা :<br>জেলা প্রতিটি প্রাথমিক বিদ্যালয়ে পানীয় জল সরবরাহ ও ওয়াশব্লক থাকা আবশ্যক। তথাপি কোন কোন বিদ্যালয়ে অদ্যাবধি এ ধরণের সুবিধা সৃষ্টি করা যায়নি। | ১) যে সমস্ত বিদ্যালয়ে পানীয় জল সরবরাহ ও ওয়াশব্লক এর সুবিধা নিশ্চিত করা যায়নি তার তালিকা জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর বরাবর সবরাহ করতে হবে। | জেলা প্রাথমিক শিক্ষা কর্মকর্তা, বান্দরবান। |
| | | ২) উক্ত তালিকা পাওয়ার পর অগ্রাধিকার ভিত্তিতে সম্ভাব্য সকল বিদ্যালয়ে পানীয় জল সরবরাহ ও ওয়াশব্লক স্থাপনের ব্যবস্থা করতে হবে। | নির্বাহী প্রকৌশলী জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, বন্দরবান। |
| | ঘ) বিদ্যালয়ে কর্মরকত শিক্ষকদের ছবি টাঙ্গানো :<br>সরকারের সুশাসন প্রতিষ্ঠান লক্ষ্য পূরণের জন্য সকল প্রাথমিক বিদ্যালয়ে কর্মরত শিক্ষকদের ছবি টাঙ্গানোর বিষয়ে গুরুত্বারোপ করা হয়। এ বিষয়ে পরিষদের শুদ্ধাচার প্রশিক্ষণেও আলোচনা/নির্দেশনা দেয়া হয়েছে। | এ জেলার সকল প্রাথমিক বিদ্যালয়ে কর্মরত শিক্ষকদের তালিকা ও ছবি টাঙ্গানোর ব্যবস্থা নিশ্চিত করতে হবে। | জেলা প্রাথমিক শিক্ষা কর্মকর্তা, বান্দরবান এবং সকল উপজেলা শিক্ষা অফিসার |

চলমান-১০

<table>
<tr><th>ক্র:নং</th><th>আলোচনা</th><th>সিদ্ধান্ত</th><th>বাস্তবায়নকারী</th></tr>
<tr><td></td><td>৬) <u>বগালেক পাড়া সঃ প্রাঃ বিদ্যালয়ে শিক্ষকদের অনুপস্থিতি :</u><br>পরিষদের সম্মানিত সদস্য জনাব সিঅং খুমী জানান, তিনি সম্প্রতি বগালেক সফর করার সময় বিদ্যালয় খোলার দিনে বগালেক পাড়া স: প্রা: বিদ্যালয় বন্ধ পাওয়া গেছে। এলাবাসীরা জানিয়েছেন শিক্ষকগণ প্রায় সময় অনুপস্থিত থাকায় নিয়মিত পাঠদান হচ্ছে না।</td><td>সরেজমিন পরিদর্শন ও তদন্ত করে উপযুক্ত প্রশাসনিক ব্যবস্থা গ্রহণ পূর্বক পরিষদকে অবহিত করতে হবে।</td><td>জেলা প্রাথমিক শিক্ষা অফিসার, বান্দরবান।</td></tr>
<tr><td></td><td>৮.৬) <u>বিদ্যালয় স্থানান্তরকরণ :</u><br>১) <u>যোগিরাং পাড়া সরকারি প্রাথমিক বিদ্যালয় স্থানান্তর সংক্রান্ত ঃ</u><br>সভাপতির অনুমতিক্রমে রেমাক্রী ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান জনাব মুইশৈথুই মারমা জানান, যোগিরাং পাড়া সরকারি প্রাথমিক বিদ্যালয়টি UNDP-CHTDF প্রকল্পের আওতায় বান্দরবান পার্বত্য জেলা পরিষদ কর্তৃক ২০০৮ সালে নিজস্ব বন্দোবস্তিকৃত ০.৩০ (ত্রিশ) শতক জমিতে স্থাপিত। বিদ্যালয়টি ২০১৭ সালে জাতীয়করণ করা হয়। জাতীয়করণের পর এলজিইডি কর্তৃক বিদ্যালয়টি পুন:নির্মাণের জন্য প্রকল্প গ্রহণ করা হয়। এ লক্ষ্যে গত ৩০/১১/২০২৩ খ্রি. উপজেলা শিক্ষা কমিটির সভায় যোগিরাং পাড়ায় জনবসতি কম হওয়ায় অর্থাৎ মাত্র ১০ পরিবারের বসবাসরত হওয়ায় এবং সেখানাকার শিক্ষার্থীদের পার্শ্ববর্তী বাসিংঅং পাড়া সরকারি প্রাথমিক বিদ্যালয়ে অধ্যয়নের সুযোগ থাকায় উপজেলাল কমিটির সিদ্ধান্তক্রমে যোগিরাং পাড়া সরকারি প্রাথমিক বিদ্যালয়টির নাম অপরিবর্তিত রেখে পার্শ্ববর্তী ১৫৮টি পরিবার সম্বলিত গ্রাম : বড়মদক ভিতর পাড়ায় বিদ্যালয়টি স্থানান্তর ও পুন:নির্মাণ করা হয়েছে মর্মে তিনি সভায় অবহিত করেন।<br>সভায় উক্ত বিষয়ে বিস্তারিত আলোচনান্তে যোগিরাং পাড়া স: প্রা: বিদ্যালয় স্থানান্তরের বিষয়ে ভূতাপেক্ষ অনুমোদন প্রদানের বিষয়ে একমত পোষণ করা হয়।</td><td>১) যোগিরাং পাড়া সরকারি প্রাথমিক বিদ্যালয়টির নাম অপরিবর্তিত রেখে জনস্বার্থে বড়মদক পাড়ায় স্থানান্তরের বিষয়টি পরিষদ সভায় ভূতাপেক্ষ অনুমোদন করা হয়।<br>২) বিদ্যালয়টি স্থানান্তর বিষয়ে উর্দ্ধতন কর্তৃপক্ষের নিকট পত্র লিখতে হবে।</td><td>জেলা প্রাথমিক শিক্ষা অফিসার, বান্দরবান।</td></tr>
<tr><td></td><td>২) রেমাক্রী খ্যাইসাপ্রু পাড়া সরকারি প্রাথমিক বিদ্যালয়, দলিয়ান পাড়া সরকারি প্রাঃ বিদ্যালয় এবং বোডিং পাড়া পাড়া সরকারি প্রাথমিক <u>বিদ্যালয় স্থানান্তর সংক্রান্ত :</u><br>সভাপতির অনুমতিক্রমে রেমাক্রী ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান জনাব মুইশৈথুই মারমা জানান, বিগত কয়েক বছর পূর্বে থানছি উপজেলাধীন ০৩ টি বিদ্যালয় ০২ পর্যায়ে (অর্থাৎ ইউএনডিপি স্কুল জাতীয়করণ এবং ১৫০০ বিদ্যালয় জাতীয়করণ) জাতীয়করণ তালিকাভুক্ত হওয়ায় ওভারল্যাপিং এর কারণে বর্তমানে সরকারিভাবে একই নামে ০২টি করে বিদ্যালয় প্রতিষ্ঠিত। কিন্তু UNDP-CHTDF প্রকল্পভুক্ত উক্ত ০৩ টি স্কুল জাতীয়করণ হলেও কর্মরত শিক্ষকগণ জাতীয়করণের আওতাভুক্ত হয়নি। ফলে তারা বিনা বেতনে মানবেতর জীবন-যাপন করছে। ওভারল্যাপিং জনিত সৃষ্ট বিদ্যালয়সমূহ বাতিল না করে একই নাম বজায় রেখে ১৫০০ প্রকল্পভুক্ত বিদ্যালয় ০৩টি একই ইউনিয়নের বিদ্যালয়বিহীন নিম্নবর্ণিত ০৩টি পাড়ায় স্থাপনের জন্য তিনি প্রস্তাব পেশ করেন। প্রস্তাবের বিবরণ :
<table>
<tr><th>জাতীয়করণের বিবরণ</th><th>বিদ্যালয়ের নাম</th><th>স্থানান্তরের জন্য প্রস্তাবিত পাড়ার নাম</th></tr>
<tr><td rowspan="3">১৫০০ প্রকল্পভুক্ত বিদ্যালয়</td><td>রেমাক্রী খ্যাইসাপ্রু পাড়া সরকারি প্রাথমিক বিদ্যাঃ</td><td>ক্যমং হেডম্যান পাড়া</td></tr>
<tr><td>দলিয়ান পাড়া সরকারি প্রাঃ বিদ্যাঃ</td><td>ক্যবু পাড়া</td></tr>
<tr><td>বোর্ডিং পাড়া পাড়া সরকারি প্রাথমিক বিদ্যাঃ</td><td>থানচি জিনিঅং পাড়া</td></tr>
</table></td><td>১। থানছি উপজেলাধীন ০৩টি বিদ্যালয় একই নামে ইউএনডিপি স্কুল জাতীয়করণ এবং ১৫০০ বিদ্যালয় জাতীয়করণের ফলে সৃষ্ট ০৬টি সরকারি প্রাথমিক বিদ্যালয়ের মধ্যে ১৫০০ প্রকল্পভুক্ত ০৩ বিদ্যালয় একই ইউনিয়নের বিদ্যালয়বিহীন পাড়ায় স্থানান্তরের প্রস্তাব সভায় গৃহিত হয়।<br><br>২। UNDP-CHTDF প্রকল্পভুক্ত জাতীয়করণকৃত ০৩ টি স্কুলে কর্মরত শিক্ষকগণের জাতীয়করণের বিষয়ে উর্দ্ধতন কর্তৃপক্ষের নিকট পত্র প্রেরণ করতে হবে।</td><td>নির্বাহী কর্মকর্তা, এ পরিষদ<br>ও<br>জেলা প্রাথমিক শিক্ষা অফিসার, বান্দরবান।</td></tr>
</table>

| ক্র:নং | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|
| | ৮.৭) তারাছা ইউনিয়নস্থ ছাংউ পাড়া বেসরকারি প্রাথমিক বিদ্যালয় সংক্রান্ত ঃ<br>এনজিও কর্তৃক পরিচালিত ছাংউ পাড়া বেসরকারি প্রাথমিক বিদ্যালয়ের শিক্ষা কার্যক্রম বর্তমানে বন্ধ থাকায় সেখানকার শিশুরা পড়ালেখা করতে পারছে না। জেলা প্রাথমিক শিক্ষা অফিসার জানান, জাতীয়করণের জন্য স্কুল ঘর ও শিক্ষক থাকলেও স্কুলের নামে ৩০ শতক জমি থাকা প্রয়োজন। এটি পূরণ হলে জাতীয়করণের জন্য যথাযথ কর্তৃপক্ষের বরাবর প্রস্তাব প্রেরণ করা যাবে। | স্কুলের নামে ৩০ শতক জমি রেকর্ডভুক্ত করার ব্যবস্থা নিতে হবে। | জনাব সিঅং খুমী, সম্মানিত সদস্য, এ পরিষদ। |
| | ৮.৮) কেসপাই পাড়া স: প্রা: বিদ্যালয়টি রুংতন পাড়াতে স্থানান্তর ঃ<br>রুমা উপজেলাধীন কেসপাই পাড়া সরকারি প্রাথমিক বিদ্যালয় একই উপজেলায় অবস্থিত পার্শ্ববর্তী রুংতন পাড়ায় স্থানান্তরের বিষয়ে সভায় পুনরায় আলোচনা হয়। জেলা প্রাথমিক শিক্ষা অফিসার জানান, বিদ্যালয় স্থানান্তরের লক্ষ্যে উপজেলা শিক্ষা কমিটির মতামত/প্রতিবেদন পাওয়ার পর অধিদপ্তরে প্রস্তাব প্রেরণ করা যাবে। | বর্ণিত বিদ্যালয় স্থানান্তেরের বিষয়ে উপজেলার শিক্ষা কমিটির সিদ্ধান্ত/মতামত সংগ্রহ পূর্বক পূর্ণাঙ্গ প্রস্তাব অধিদপ্তরে প্রেরণ করতে হবে। | জেলা প্রাথমিক শিক্ষা অফিসার, বান্দরবান। এবং উপজেলা শিক্ষা অফিসার, রুমা। |
| ৯ | ক্ষুদ্র নৃ-গোষ্ঠী সাংস্কৃতিক ইনস্টিটিউট, বান্দরবান।<br>৯.১) রুমা আঞ্চলিক কেন্দ্র সংক্রান্ত ঃ<br>বন্যায় ক্ষতিগ্রস্ত রুমা আঞ্চলিক কেন্দ্রটি মেরামতের পরিষদ কর্তৃক গৃহিত প্রকল্প বাস্তবায়নের লক্ষ্যে ইতিমধ্যে লে-আউট প্রদান করা হয়েছে এবং প্রকল্প কাজ চলমান রয়েছে। | কাজের গুণগত মান ঠিক রেখে যথাযথভাবে কাজটি বাস্তবায়ন করতে হবে। | নির্বাহী প্রকৌশলী, এ পরিষদ। |
| | ৯.২) অডিটরিয়াম ভবন/স্থাপনা সংস্কার সংক্রান্ত ঃ<br>কে.এস.আই অডিটরিয়াম ভবনের ছাদ ও দেয়াল সংস্কার এর কাজ বর্তমানে চলমান আছে। কাজের অগ্রগতি ২০% বলে নির্বাহী প্রকৌশলী সভায় জানান। | কাজের গুণগত মান ঠিক রেখে যথাযথভাবে কাজটি বাস্তবায়ন করতে হবে। | নির্বাহী প্রকৌশলী, এ পরিষদ। |
| | ৯.৩) ক্ষুদ্র নৃ-গোষ্ঠির সাংস্কৃতি ইনস্টিটিউট, বান্দরবান প্রশিক্ষণ সংক্রান্ত ঃ<br>কেএসআই, বান্দরবান এর উদ্যোগে ২০২৩-২০২৪ অর্থবছরে গৃহিত বিভিন্ন নৃগোষ্ঠীর বিষয়ভিত্তিক প্রশিক্ষণ প্রদান চলমান আছে। গতানুগতিক প্রশিক্ষণের বাইরেও আরো অভিজ্ঞ প্রশিক্ষকের মাধ্যমে উচ্চতর প্রশিক্ষণের উদ্যাগ নেয়ার বিষয়ে সভায় আলোচনা হয়। | গৃহিত সকল প্রশিক্ষণ কর্মসূচী অভিজ্ঞ প্রশিক্ষকের মাধ্যমে সম্পন্ন করতে হবে। পরিষদের দায়িত্বপ্রাপ্ত সদস্যকে অবহিত করতে হবে। এ'সংক্রান্ত প্রতিবেদন মাসিক মিটিং-এ উপস্থাপন করতে হবে। | পরিচালক, কে এস আই, বান্দরবান। |
| | ৯.৪) বিবিধ সংক্রান্ত ঃ<br>সহকারী পরিচালক, কেএসআই জানান, বন্যোত্তর ক্ষয়ক্ষতি নিরূপন করে প্রকল্প প্রস্তাব প্রস্তুত করে সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়ে প্রেরণ করা হয়। মন্ত্রণালয় কর্তৃক ভবন মেরামত বাবদ ৫.০০ লক্ষ টাকা এবং আসবাব-পত্র ক্রয়/মেরামত বাবদ ৫.০০ লক্ষ টাকা বরাদ্দ পাওয়া গেছে। প্রাপ্ত বরাদ্দ যথাযথভাবে ব্যয়ের লক্ষ্যে প্রক্রিয়া গ্রহণ করা হচ্ছে। | অবহিত হওয়া গেল। যথাযথভাবে বরাদ্দ ব্যয় নিশ্চিত করতে হবে। | পরিচালক, কে এস আই, বান্দরবান। |
| ১০ | মাধ্যমিক শিক্ষা বিভাগ, বান্দরবান :<br>১০.১) অনলাইনের ভিত্তিতে শিক্ষার্থী ভর্তির সংক্রান্ত ঃ<br>অনলাইনের মাধ্যমে মাধ্যমিক বিদ্যালয়ের শিক্ষার্থী ভর্তির নির্দেশনা মোতাবেক নির্ধারিত সময়সীমার মধ্যে অভিভাবকের অস্বচ্ছলতা এবং সচেতনতার অভাবে অনেক শিক্ষার্থী ভর্তি হতে ব্যর্থ হয়েছে। তাছাড়াও প্রতি বিদ্যালয়ে ৬ষ্ঠ শ্রেণিতে ৫০ জন ভর্তির সিলিং রাখার ফলে উপজেলা পর্যায়ে অনেক ছেলে-মেয়ে ভর্তি হতে পারছে না। উপজেলাগুলো মাত্র ০১টি সরকারি স্কুল রয়েছে। এতে অভিভাবকরা তাদের ছেলেমেয়েদের লেখাপড়া বন্ধ করতে বাধ্য হবেন। সুতরাং, ৬ষ্ঠ শ্রেণিতে শিক্ষার্থী ভর্তির সিলিং প্রযোজ্যক্ষেত্রে বাড়ানোর ব্যবস্থা করতে হবে এবং ইতোমধ্যে যারা অনলাইনে ভর্তি হতে পারেনি তাদের মধ্যে যারা বেসরকারি মাধ্যমিক বিদ্যালয়ে ভর্তি হতে ইচ্ছুক, তাদেরকে অনলাইনের পাশাপাশি অফলাইনে ভর্তির সুযোগ দেয়া প্রয়োজন। এ বিষয়ে যথাযথ ব্যবস্থা গ্রহণের জন্য সভাপতি জেলা শিক্ষা অফিসারকে অনুরোধ করেন। | ১) উপজেলাগুলোতে পর্যাপ্ত মাধ্যমিক বিদ্যালয় না থাকায় প্রতিটি বিদ্যালয়ে ৬ষ্ঠ শ্রেণিতে ৫০ জনের অধিক সংখ্যক শিক্ষার্থী ভর্তির অনুমতি প্রদানের বিষয়ে জেলা পরিষদ হতে এবং মাননীয় সংসদ সদস্য এর স্বাক্ষরে অধিদপ্তরে পত্র প্রেরণের ব্যবস্থা করতে হবে।<br>২) বেসরকারি মাধ্যমিক বিদ্যালয়ে ভর্তি হতে ইচ্ছুক শিক্ষার্থীদের অফলাইনে ভর্তির সুযোগ প্রদানের নির্দেশনা দেয়ার জন্য অধিদপ্তর বরাবর পত্র প্রেরণ করতে হবে। | জেলা শিক্ষা অফিসার বান্দরবান। |

চলমান-১২

| ক্র:নং | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|
| | ১০.২) **রোয়াংছড়ি উপজেলায় বেক্ষ্যং জুনিয়র হাইস্কুলে হোষ্টেল চালুকরণ** ঃ<br>বিগত সভার সিদ্ধান্ত আলোকে বেক্ষ্যং মাধ্যমিক জুনিয়র হাইস্কুল এ হোষ্টেল চালুকরনের লক্ষ্যে গঠিত কমিটি কর্তৃক বিদ্যালয়টি পরিদর্শন করা যায়নি মর্মে সভায় জানা যায়। গঠিত কমিটি :<br>১। জনাব কাঞ্চনজয় তঞ্চগ্যা, সম্মানিত সদস্য, এ পরিষদ<br>২। নির্বাহী কর্মকর্তা, এ পরিষদ।<br>৩। জেলা শিক্ষা অফিসার, বান্দরবান পার্বত্য জেলা। | অবিলম্বে বেক্ষ্যং জুনিয়র হাইস্কুল পরিদর্শন করে সকল রেকর্ডপত্রসহ বিস্তারিত প্রতিবেদন দাখিলের তাগিদ দেয়া হল। পাশাপাশি বিদ্যালয়ে পাঠদানের ক্ষেত্রে সকল আনুষ্ঠানিক কাজ সম্পন্ন করে দিতে হবে। | ১) জনাব কাঞ্চন জয় তঞ্চগ্যা, সম্মানিত সদস্য,<br>২) নির্বাহী কর্মকর্তা, এ পরিষদ।<br>৩) জেলা শিক্ষা অফিসার |
| | ১০.৩) **কর্মকর্তা পদায়ন সংক্রান্ত** :<br>জেলা শিক্ষা অফিসার জানান, ০৭টি উপজেলার মধ্যে মাত্র ০৩ জন উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার কর্মরত। তম্মধ্যে ০১ জন অফিসার অসুস্থ। কর্মকর্তার সংকটে উপজেলা পর্যায়ের বিভাগীয় কার্যক্রম পরিচালনা করতে মারাত্মক অসুবিধা হচ্ছে। কর্মকর্তা পদায়নের জন্য ইতোমধ্যে একাধিকবার পত্র লেখা হয়েছে। কোন অগ্রগতি হয়নি। | কর্মকর্তা পদায়নের জন্য পুনরায় পত্র লেখতে হবে। এ পর্যন্ত প্রেরিত পত্রের কপি পরিষদের মুখ্য নির্বাহী কর্মকর্তার নিকট সরবরাহ করতে হবে। | জেলা শিক্ষা অফিসার, বান্দরবান পার্বত্য জেলা। |
| ১১ | **জেলা প্রাণিসম্পদ বিভাগ, বান্দরবান** ঃ<br>১১.১) **জনবল সংক্রান্ত** ঃ<br>জেলা প্রাণিসম্পদ কর্মকর্তা জানান যে, ০৭ টি উপজেলা বিভিন্ন পর্যায়ে মোট = ১৪ টি ক্যাডারভুক্ত পদের মধ্যে মাত্র ০৩ জন কর্মকর্তা কর্মরত আছে। ১১টি কর্মকর্তার পদ শূন্য থাকায় বিভাগীয় কার্যক্রম দারুণভাবে ব্যাহত হচ্ছে। | ১১টি শূন্যপদে কর্মকর্তা পদায়নের জন্য সংশ্লিষ্ট মন্ত্রণালয়ে ডিও লেটার লেখার সিদ্ধান্ত হয়। | জেলা প্রাণিসম্পদ কর্মকর্তা, বান্দরবান। |
| | ১১.২) **গবাদি পশু চিকিৎসা ও উৎপাদন সংক্রান্ত** ঃ<br>সভায় বিগত মাসের গবাদি পশু উৎপাদন ও চিকিৎসা সেবা প্রদানের বিবরণ তুলে ধরা হয়। যথা :<br>গবাদিপশু উৎপাদন - ১৯৫৬টি। হাসঁ-মুরগির উৎপদান - ৭৭৫০০ টি।<br>গবাদিপশুর চিকিৎসা প্রদত্ত - ১০৭৩৩ টি, হাঁস-মুরগির চিকিৎসা প্রদত্ত- ৪৯০৪১ টি, উন্নতজাতের কৃত্রিম প্রজননের সংখ্যা- ৪২৮ টি, কৃত্রিম প্রজননে বাচ্চা উৎপাদন সংখ্যা- ২১৮ টি, গবাদি পশুর খামার স্থাপন সংখ্যা- ১০ টি। | অবহিত হওয়া গেল। | জেলা প্রাণিসম্পদ কর্মকর্তা, বান্দরবান। |
| | ১১.৩) **ঘূর্ণায়মান তহবিলের ঋণ বিতরণ সংক্রান্ত** ঃ<br>জেলা প্রাণিসম্পদ কর্মকর্তা বলেন, পরিষদের অর্থায়িত প্রাণিসম্পদ বিভাগের ঘূর্ণায়মান ঋণ তহবিলের আওতায় নিয়মিত ঋণ বিতরন ও আদায় চলমান রয়েছে। চাহিদার তুলনা তহবিলের পরিমাণ কম বিধায় পরিষদ হতে এখাতে আরো বরাদ্দ প্রদানের জন্য সভাপতি সদয় দৃষ্টি আকর্ষণ করেন। বরাদ্দ প্রাপ্তি স্বাপেক্ষে ঋণ বিতরণ কার্যক্রম প্রসার ঘটানো যাবে এবং এতে করে গবাদি পশু উৎপাদন বৃদ্ধি হবে মর্মে তিনি আশাবাদ ব্যক্ত করেন। | ঋণ বিতরণ কর্মসূচি পর্যালোচনা করে বিস্তারিত প্রতিবেদন পরবর্তী সভায় পেশ করতে হবে। | জেলা প্রাণিসম্পদ কর্মকর্তা. বান্দরবান। |
| | ১১.৪) **গবাদি পশু উন্নয়ন কর্মসূচি গ্রহণের প্রকল্প প্রস্তাব অনুমোদন** ঃ<br>প্রান্তিক পর্যায়ে গবাদি পশু-পাখি পালনকারীদের ০৭ দিনব্যাপি পশু-পাখি পালন বিষয়ক প্রশিক্ষণ প্রদান এবং কৃমিনাশক ও ভিটামিন এবং বিনামূল্যে টিকাদান কর্মসূচি পরিচালনার জন্য দাখিলকৃত প্রকল্প প্রস্তাবটি যথাযথ না হওয়ায় পরবর্তীতে ডিপিপি আকারে প্রস্তুত করে দাখিল করা হয়েছে। প্রকল্প অনুমোদনের জন্য সভাপতির দৃষ্টি আকর্ষণ করা হয়।<br>এ প্রসঙ্গে নির্বাহী প্রকৌশলী জানান, নির্ধারিত ফরম্যাট অনুযায়ী ডিপিপি প্রণয়ন করা হয়নি। | ১) নির্ধারিত ফরম্যাট অনুযায়ী ডিপিপি প্রণয়ন পুনরায় প্রকল্প প্রস্তাব দাখিল করতে হবে। প্রকল্পটি প্রকৃতপক্ষে প্রাণিসম্পদ উন্নয়নের সহায়ক হতে হবে।<br>২) প্রস্তাবিত প্রকল্প প্রস্তাব যাচাই করে আগামী ২০২৪-২০২৫ অর্থবছরে প্রকল্প গ্রহণ ও বাস্তবায়নের ব্যবস্থা করতে হবে। | নির্বাহী প্রকৌশলী, এ পরিষদ<br>ও<br>জেলা প্রাণিসম্পদ কর্মকর্তা, বান্দরবান। |

<table>
<tr><th>ক্র:নং</th><th>আলোচনা</th><th>সিদ্ধান্ত</th><th>বাস্তবায়নকারী</th></tr>
<tr><td>১২</td><td><u>জেলা কৃত্রিম প্রজনন কেন্দ্র, বান্দরবান</u> ঃ<br>১২.১) জেলা প্রাণিসম্পদ কর্মকর্তা জানান যে, ভেটেনারি অফিসার বিভাগীয় প্রশিক্ষণের জন্য কর্মস্থলের বাইরে আছেন। উক্ত দপ্তরের বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে।<br>গৃহিত কার্যক্রমের অগ্রগতির বিবরণ ঃ<br>১) কৃত্রিম প্রজনন মাসিক লক্ষ্যমাত্রা - ৫৪৯ টি, অর্জিত- ৪৪৬টি, মাসিক অর্জন হার-৮১.০০% এবং ক্রমপুঞ্জিত অর্জন-৭৭.০০% ।<br>২) শংকর জাতের বাছুর উৎপাদনের লক্ষ্যমাত্রা ২০৭ টি, অর্জিত-২১৮ টি। তার মধ্যে ষাঁড় বাছুর - ১১৪ টি এবং বকনা - ৯৮ টি। মাসিক অর্জনের হার - ১০৪% । ক্রমপুঞ্জিত অর্জনের হার - ৯৬%।<br>৩) কৃত্রিম প্রজনন ফি গ্রহন বাবদ ৩৩,৪৫০/- (তেতত্রিশ হাজার চারশত পঞ্চাশ টাকা) আয় হয়েছে।<br>৪) মহিষের ০১ টি গাভীকে কৃত্রিম প্রজনন করা হয়।</td><td>লক্ষমাত্রা অনুযায়ী উন্নত প্রজাতির গবাদিপশু পালন সম্প্রসারণের কার্যক্রম যথাযথ বাস্তবায়ন করতে হবে।</td><td>উপপরিচালক জেলা কৃত্রিম প্রজনন কেন্দ্র, বান্দরবান।</td></tr>
<tr><td>১৩</td><td><u>যুব উন্নয়ন অধিদপ্তর, বান্দরবান</u> ঃ<br>১৩.১) <u>শূন্যপদ পূরণ সংক্রান্ত</u> ঃ<br>যুব উন্নয়ন অধিদপ্তরের শূন্যপদ পূরণের লক্ষ্যে সম্প্রতি ছাড়পত্র পাওয়ার জন্য পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয়ের নিকট পত্র লেখা হয়েছে।</td><td>শূন্যপদ পূরণের ছাড়পত্র প্রাপ্তির বিষয়ে সংশ্লিষ্ট দপ্তরে যোগাযোগ করতে হবে।</td><td>উপপরিচালক, যুব উন্নয়ন অধিদপ্তর বান্দরবান।</td></tr>
<tr><td></td><td>১৩.২) <u>প্রশিক্ষণ সংক্রান্ত</u> ঃ<br>চলতি বছরে গৃহিত ১০ টি ট্রেডের প্রশিক্ষণ কর্মসূচীতে প্রতিটি উপজেলা হতে ৩ জন করে ৩০০ জন প্রশিক্ষনার্থী অংশগ্রহণে প্রশিক্ষণ চলমান রয়েছে।</td><td>বিভিন্ন ট্রেডে চলমান প্রশিক্ষণ সংক্রান্ত বিস্তারিত তথ্য দাখিল করতে হবে। প্রশিক্ষণ নেয়ার পরে কে কি করছে তার ডাটাবেজ সংরক্ষণ করতে হবে।</td><td>উপপরিচালক, যুব উন্নয়ন অধিদপ্তর বান্দরবান।</td></tr>
<tr><td></td><td>১৩.৩) <u>খাবার পানি সরবরাহ</u> ঃ<br>নির্বাহী প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল যুব উন্নয়ন অধিদপ্তর বালাঘাটা অফিসে খাবার পানি সংকটের কারনে জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর বান্দরবান, টিউবওয়েল স্থাপনের মাধ্যমে খাবার পানি সরবরাহের ব্যবস্থা গ্রহণের কার্যক্রম চলমান আছে।</td><td>খাবার পানি সরবরাহের ব্যবস্থা গ্রহণ করবেন।</td><td>নির্বাহী প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশলী ও উপপরিচালক, যুব উন্নয়ন অধিদপ্তর</td></tr>
<tr><td>১৪</td><td><u>বিসিক, বান্দরবান</u> ঃ<br>উপব্যবস্থাপক বিসিক জানান, চলতি অর্থবছরে গৃহিত ৮টি প্রশিক্ষণ কর্মসূচি চলমান রয়েছে । সভায় প্রশিক্ষণ সংক্রান্ত নিম্নোক্ত তথ্য উপস্থাপন করা হয় :<table><tr><td>গৃহিত প্রশিক্ষণ কর্মসূচী</td><td>০৮ টি (চলমান)</td></tr><tr><td>প্রশিক্ষণার্থীর লক্ষ্যমাত্রা সংখ্যা</td><td>১৫০ জন</td></tr><tr><td>ঋণ বিতরণের লক্ষ্যমাত্রা</td><td>৩০.০০ লক্ষ টাকা</td></tr></table></td><td>১) পরবর্তী সভায় প্রশিক্ষণ কর্মসূচী বাস্তবায়নের বিস্তারিত তথ্য উপস্থাপন করতে হবে।<br>২) বিভিন্ন প্রশিক্ষণ আয়োজনের সময় পরিষদের সম্মানিত সদস্য সংশ্লিষ্ট বিভাগের আহবায়ক এর সাথে সমন্বয় করে প্রশিক্ষণের আয়োজন করবেন।</td><td>জনাব ফাতেমা পারুল সম্মানিত সদস্য এ পরিষদ এবং উপব্যবস্থাপক, বিসিক, বান্দরবান।</td></tr>
<tr><td></td><td><u>বিসিক শিল্প নগরী স্থাপন :</u><br>এ জেলার স্থানীয় জনগণের অর্থনৈতিক উন্নয়নের জন্য অন্যান্য জেলার ন্যায় বিসিক শিল্প নগরী স্থাপন করা দরকার। এতে স্থানীয় জনগণের কর্মসংস্থানের সুযোগ সৃষ্টি হবে। উপব্যবস্থাপক জানান, ফারুখ পাড়ায় বিসিক এর জমি রয়েছে। তবে সেটা পাহাড়। এ প্রসঙ্গে সভাপতি বলেন, বিসিক এর নামে কাগজ রয়েছে মাত্র, উক্ত জায়গার উপর সেখানকার পাড়াবাসী চাষবাস করছে। সেটি পুরোপুরি দখলে নেয়ার জন্য উপব্যবস্থাপক-কে নির্দেশনা প্রদান করেন।</td><td>বিসিক শিল্প নগরী স্থাপনের জন্য প্রস্তাব প্রণয়ন করে যথাযথ কর্তৃপক্ষের বরাবর দাখিল করতে হবে।<br>ফারুখ পাড়াস্থ বিভাগীয় জমি সংরক্ষণের ব্যবস্থা করতে হবে</td><td>জনাব ফাতেমা পারুল সম্মানিত সদস্য এ পরিষদ এবং উপব্যবস্থাপক, বিসিক, বান্দরবান।</td></tr>
</table>

| ক্র:নং | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|
| ১৫ | <u>তুলা উন্নয়ন বোর্ড, বান্দরবান</u> ঃ<br>প্রধান তুলা উন্নয়ন কর্মকর্তা জানান যে, বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। পার্বত্য মন্ত্রণালয়ের অর্থায়নে গৃহিত তুলা উন্নয়ন প্রকল্পটি জুন/২০২৪ মাসে শেষ হবে। এ প্রসঙ্গে সভাপতি বলেন, তুলা চাষ সম্প্রসারণ কার্যক্রম বর্তমানে যেভাবে বাস্তবায়ন করা হচ্ছে তা মোটেও লাভজনক নয়। তাই মন্ত্রণালয় কর্তৃক প্রকল্পটি ২য় পর্যায়ে গ্রহণ করা হচ্ছে না মর্মে জানা গেছে। আর প্রদর্শনী প্লট করে করে তুলা চাষ সম্প্রসারণ হবার সম্ভাবনা কম। | পার্বত্য এলাকা এককালে কার্পাস মহল হিসেবে খ্যাত। তুলা চাষকে সে পর্যায়ে নিয়ে যেতে হলে সময়োপযোগী পরিকল্পনা গ্রহণ করতে হবে। | প্রধান তুলা উন্নয়ন কর্মকর্তা, তুলা উন্নয়ন বোর্ড, বান্দরবান জোন। |
| ১৬ | <u>মৎস্য বিভাগ বান্দরবান</u> ঃ<br>সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা জানান, জেলা মৎস্য কর্মকর্তা সরকারি কাজে বাইরে আছেন। বিভাগীয় সকল কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে।<br>সভাপতি বলেন, তিনি সম্প্রতি বড় মদক এলাকা সফর করেছেন। শংখ নদীতে অনেক জেলে বাণিজ্যিক উদ্দেশ্যে কারেন্টের জাল দিয়ে মাছ ধরার ফলে মা প্রজাতি ও পোনা মাছ বিলুপ্ত হওয়ার পথে। তারা অনুমতি নিয়ে মাছ শিকার করছে মর্মে জানা গেছে। থানছি এলাকায় বাণিজ্যিক আকারে মাছ ধরা রোধ করা দরকার। কোন্ কর্তৃপক্ষ কর্তৃক জেলেদের অনুমতি পত্র দেয়া হয়েছে সেটা খতিয়ে দেখে পরবর্তী ব্যবস্থা নিতে হবে। | সাঙ্গু নদীতে কোন জেলে/ব্যক্তিকে মাছ ধরার লাইসেন্স দেয়া যাবে না। বিষয়টি যাচাই করে যদি লাইসেন্স দেয়া থাকে তা বাতিলের ব্যবস্থা নিতে হবে। | জেলা মৎস্য কর্মকর্তা বান্দরবান। |
| | পরিষদ কর্তৃক নিয়োগযোগ্য পদে কেন্দ্রীয়ভাবে নিয়োগ কার্যক্রম গ্রহণ করা হচ্ছে না কি'না তা পর্যবেক্ষণ ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের বিষয় সভায় গুরুত্বারোপ করা হয়। | পরিষদ কর্তৃক নিয়োগযোগ্য পদ কেন্দ্রীয়ভাবে যাতে নিয়োগ না দেয় সে লক্ষ্যে সার্বিক যোগাযোগ রাখতে হবে। | জেলা মৎস্য কর্মকর্তা বান্দরবান। |
| ১৭ | ১৭.২) <u>ঘূর্ণয়মান তহবিলের জন্য প্রতিশ্রুত অনুদান প্রদান সংক্রান্ত</u> ঃ<br>বিগত অর্থবছরে সমবায় সমিতিসমূহে ঘূর্ণায়মান ঋণ প্রদানের লক্ষ্যে চেয়ারম্যানের প্রতিশ্রুত ১০,০০,০০০/- (দশ লক্ষ) টাকার মধ্যে চলতি অর্থবছরে ০৫ (পাচঁ) লক্ষ টাকা বরাদ্দ প্রদান করায় সভায় জেলা সমবায় কর্তকর্তা কর্তৃক ধন্যবাদ জ্ঞাপন করা হয়। প্রাপ্ত বরাদ্দ আনুপাতিক হারে সকল উপজেলা উপবরাদ্দ প্রদান করা হবে মর্মে তিনি জানান। | তহবিল প্রাপ্যতা সাপেক্ষে বাদবাকী প্রতিশ্রুত ৫.০০ লক্ষ টাকা জেলা সমবায় অধিদপ্তর, বান্দরবান অনুকূলে বরাদ্দ প্রদানের ব্যবস্থা করতে হবে। | হিসাব নিরীক্ষা কর্মকর্তা এ পরিষদ। |
| ১৮ | <u>জেলা শিল্পকলা একাডেমি, বান্দরবান</u> ঃ<br>১৮.১) <u>শিল্পকলার একাডেমির বিভিন্ন কর্মসূচি</u> ঃ<br>সেক্রেটারী, জেলা শিল্পকলা একাডেমি জানান, কেন্দ্রীয় কর্মসূচীর আলোকে বিভিন্ন কর্মসূচী বাস্তবায়ন চলমান রয়েছে। যথা : ১) গণজাগরণ সংগীত পরিবেশনে প্রশিক্ষণ কার্যক্রম ;<br>২) গণজাগরণী চলচ্চিত্র উৎসব "মুজিব একটি জাতির রূপকার " বিগত ০১/০১/২০২৪ খ্রিঃ আয়োজিত ;<br>৩) বিভিন্ন বিদ্যালয়ে শুদ্ধস্বরে জাতীয় সংগীত প্রশিক্ষণ কর্মসূচী চলমান ;<br>৪) আগামী ৩১/০১/২০২৪খ্রিঃ হতে ৩ দিনব্যাপী জাতীয় পিঠা ও লোকসংস্কৃতি উৎসব, ২০২৪ আয়োজনের প্রস্তুতি চলছে।<br>তিনি আয়োজিতব্য জাতীয় পিঠা উৎসবে উপস্থিত সকলকে সবান্ধব উপস্থিত থাকার জন্য আমন্ত্রণ জানান। | সংশ্লিষ্ট কনভেনিং কমিটির সাথে সমন্বয় করে কর্মসূচি বাস্তবায়ন করতে হবে। | সাধারণ সম্পাদক, জেলা শিল্পকলা একাডেমি, বান্দরবান। |
| | ১৮.২) <u>জেলা শিল্পকলা একাডেমির নিজস্ব জমির উদ্ধার সংক্রান্ত</u> ঃ<br>জেলা প্রশাসক বাসভবনের সম্মুখে বান্দরবান জেলা শিল্পকলা একাডেমির নিজস্ব জমি উদ্ধারের ব্যবস্থা করে শিল্পকলার নিজস্ব ভবন নির্মাণ করা আবশ্যক। বর্তমানে একাডেমীর কার্যক্রম যে পরিসরে পরিচালনা করা হচ্ছে তা যথাযথ নয়। তাই উক্ত জমি উদ্ধার/ব্যবহারের বিষয়ে প্রয়োজনে জেলা প্রশাসকের সাথে পুনরায় যোগাযোগের ব্যবস্থার জন্য পরিষদের মুখ্য নির্বাহী কর্মকর্তার দৃষ্টি আকর্ষণ করেন। বিস্তারিত আলোচনান্তে নিম্নমতে যোগাযোগ/সমন্বয় টিম গঠন করা হয়।<br>১। মুখ্য নির্বাহী কর্মকর্তা এ পরিষদ।<br>২। জনাব সিং ইয়ং ম্রো, কনভেনিং কমিটির আহ্বায়ক।<br>৩। জনাব আমিনুল ইসলাম বাচ্চু, সাধারণ সম্পাদক, জেলা শিল্পকলা একাডেমি,বান্দরবান। | শিল্পকলার জমি উদ্ধারের বিষয়ে সার্বিক যোগাযোগ ও সমন্বয় সাধন করতে হবে। আগামী সভায় এ সংক্রান্ত অগ্রগতি তুলে ধরতে হবে। | মুখ্য নির্বাহী কর্মকর্তা, জনাব সিংইয়ং ম্রো, সদস্য, সাধারণ সম্পাদক, জেলা শিল্পকলা একাডেমি, বান্দরবান। |

| ক্র:নং | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|
| ১৯ | **জেলা ক্রীড়া দপ্তর, বান্দরবান ঃ**<br>**১৯.১) বার্ষিক ক্রীড়া কর্মসূচি বাস্তবায়ন ঃ**<br>জেলা ক্রীড়া দপ্তর, বান্দরবান এর প্রতিনিধি কর্তৃক ক্রীড়া বিভাগের ২০২৩-২০২৪ অর্থবছরে বার্ষিক কর্মসূচী বাস্তবায়নের অগ্রগতি সভায় তুলে ধরা হয়।<br>প্রতিযোগিতা আয়োজন :<br>নির্ধারিত ০৭টি প্রতিযোগিতার মধ্যে ১ম কোয়ার্টারে ০২টি প্রতিযেগিতা এবং ২য় কোয়ার্টারে মহান বিজয় দিবস উপলক্ষে আয়োজিত ভলিবল ও দাবা প্রতিযোগিতা সম্পন্ন হয়েছে। অবশিষ্ট প্রতিযোগিতা যথাসময়ে বাস্তবায়ন করা হবে।<br>প্রশিক্ষণ কর্মসূচী :<br>নির্ধারিত ০৩টি প্রশিক্ষণ কর্মসূচী রয়েছে। প্রশিক্ষণ প্রদানের বিষয়টি প্রক্রিয়াধীন, অচিরেই তা বাস্তবায়ন করা হবে। | ১) ছাত্র-ছাত্রী ও তরুণদের দৈহিক ও মানসিক স্বাস্থ্য বিকাশের জন্য তাদেরক খেলাধুলায় সম্পৃক্ত করার লক্ষ্যে আরো নানান কর্মসূচী গ্রহণ ও বাস্তবায়ন করতে হবে।<br>২) নিয়মিত জেলা ক্রীড়া অফিসার পদায়ন না হওয়ায় এ জেলার ক্রীড়া উন্নয়ন কার্যক্রম কাঙ্খিত লক্ষ্যমাত্রা অনুযায়ী বাস্তবায়িত হচ্ছে না। তাই জেলা ক্রীড়া অফিসার পদায়নের জন্য পরিষদ হতে পত্র লেখা হবে। | জেলা ক্রীড়া সংস্থা, বান্দরবান এবং জেলা ক্রীড়া অফিসার, বান্দরবান |
| | ১৯.২) **জনবল সংক্রান্ত ঃ**<br>জেলা ক্রীড়া অফিসের অফিস সহায়ক এর শূন্যপদে লোক নিয়োগের প্রশাসনিক অনুমোদনের জন্য পত্র লেখা হয়েছে। নিয়োগ না হওয়া পর্যন্ত পরিষদের অর্থায়নে অস্থায়ীভিত্তিতে ১ জন অফিস সহায়ক নিয়োগ প্রদানের বিষয়ে সভায় আলোচনা হয়। | ১। জেলা ক্রীড়া অফিসার পদে নিয়মিত কর্মকর্তা পদায়নের জন্য সংশ্লিষ্ট অধিদপ্তরে পত্র লিখতে হবে। | নির্বাহী কর্মকর্তা এ পরিষদ |
| ২০ | ২০.১) **জেলা সরকারি গণগ্রন্থাগার, বান্দরবান ঃ**<br>লাইব্রেরি ভবন উর্দ্ধমুখী সম্প্রসারণ :<br>বন্যার পর লাইব্রেরি ভবনটি উর্দ্ধমুখী সম্প্রসারণ করার জন্য গণপূর্ত বিভাগ প্রস্তুতকৃত প্রাক্কলণ মন্ত্রণালয়ে প্রেরণ করা হয়েছে। এ বিষয়ে কোন অগ্রগতি জানা যায়নি।<br>বিনষ্টযোগ্য বইসমূহ পরিত্যক্ত/ছাটাই সংক্রান্ত :<br>বন্যাকালীন বিনষ্ট বই এর প্রাথমিক তালিকা করা হয়েছে। একটি কমিটি গঠন করে যাচাই পূর্বক বিনষ্টযোগ্য বই ছাটাই এর কার্যক্রম চলমান রয়েছে। বিভাগীয়ভাবে নতুন করে বই বরাদ্দ আসেনি বিধায়, বর্তমানে লাইব্রেরিতে তেমন কোন বই নেই। বিস্তারিত আলোচনান্তে বিনষ্টযোগ্য বই যাচাই করে ছাটাই বিষয়ে মতামত প্রদানের জন্য সভায় নিম্নরূপ কমিটি গঠন করা হয় :<br>১) জনাব সত্যহা পাঞ্জি ত্রিপুরা, সদস্য, এ পরিষদ।<br>৩) নির্বাহী কর্মকর্তা, এ পরিষদ।<br>৩) প্রশাসনিক কর্মকর্তা, এ পরিষদ।<br>৪) লাইব্রেরী ইনচার্জ, জেলা সরকারি গণগ্রন্থাগার। | ১) ভবন উর্দ্ধমুখী সম্প্রসারণ প্রকল্প অনুমোদনের বিষয়ে মন্ত্রণালয়ে/পরিদপ্তরে যোগাযোগ করতে হবে।<br>২) বন্যাকালীন বিনষ্ট বইসমূহ ছাটাই এর জন্য গঠিত কমিটি সরেজমিন তদন্ত করে দ্রুত নিষ্পত্তি করতে হবে।<br>৩) বিভাগীয় কেন্দ্রীয় গ্রন্থাগার হতে লাইব্রেরির অনুকূলে বই বরাদ্দ প্রদানের প্রস্তাব দাখিল করতে হবে। এবং একইভাবে জেলা পরিষদের নিকটও প্রয়োজনীয় বইয়ের চাহিদা প্রদান করতে হবে। | জনাব সত্যহা পাঞ্জি ত্রিপুরা, সদস্য, নির্বাহী কর্মকর্তা, প্রশাসনিক কর্মকর্তা, এ পরিষদ এবং লাইব্রেরী ইনচার্জ, জেলা সরকারি গণগ্রন্থাগার। |
| ২১ | **এগ্রো সার্ভিস সেন্টার ঃ**<br>উপপরিচালক, এগ্রো সার্ভিস সেন্টার, বান্দরবান জানান, সভায় চলতি অর্থবছরে লক্ষ্যমাত্রা অনুযায়ী নারিকেল চারা, হাইব্রীড সবজি বীজ, ফলজ-বনজ চারা, কলম এবং ফলমূলসহ বিভিন্ন প্রজাতির সবজি উৎপাদনের কার্যক্রম চলমান আছে।<br>সভায় বান্দরবান জেলায় গোলমরিচ চাষের সম্ভাবনা এবং ইতোমধ্যে কিছু কৃষক নিজ উদ্যোগে গোলমরিচ চাষের কথা সভায় অবহিত করা হয়। সভাপতি বলেন, গোল মরিচ ও অন্যান্য প্রজাতির সবজি/ফল/মসলা চাষের সম্ভাবনার দুয়ার খোলার জন্য কৃষি বিভাগকে আরো তৎপর হতে হবে। উপপরিচালক, হর্টিকালচার সেন্টার জানান, তার সেন্টারে সীমিত আকারে গোল মরিচের চারা এবং চুইঝালের চারা উত্তোলন করা হয়েছে। | ১) এগ্রোসার্ভিস সেন্টার কর্তৃক গোলমরিচ এবং চুইঝালের চারা/কলম উৎপাদনের ব্যবস্থা করতে হবে।<br>২) আগামী অর্থ বছরের ব্যাপক আকারে চারা/কলম উৎপাদনের জন্য জেলা পরিষদের নিকট প্রকল্প প্রস্তাব দাখিল করতে হবে। | জনাব ক্যাসাপ্রু, সম্মানিত সদস্য এবং উপপরিচালক, এগ্রো সার্ভিস সেন্টার, বান্দরবান। |

চলমান-১৬

<table>
<tr><th>ক্র:নং</th><th>আলোচনা</th><th>সিদ্ধান্ত</th><th>বাস্তবায়নকারী</th></tr>
<tr><td>২২</td><td><u>বিএডিসি (ক্ষুদ্র সেচ)</u> ঃ<br>ক. <u>উন্নয়ন প্রকল্প বাস্তবায়ন :</u><br>বিএডিসি(সেচ) এর নিজস্ব অফিস ভবন নির্মাণ কাজ প্রায় শেষের পথে। একই ক্যাম্পাসে ৮০০ মেট্রিক টন ধারণ ক্ষমতাসম্পন্ন সার গুদামের কাজ অতিদ্রুত শুরু হবে।<br>খ) <u>জনবল সংকট সংক্রান্ত :</u><br>জনবল সংকটের কারণে বিভাগীয় কার্যক্রম বাস্তবায়নে অসুবিধা হচ্ছে। বিশেষ করে মাঠ পর্যায়ে কার্যক্রম তদারকীর জন্য ০১ জন উপসহকারী প্রকৌশলী জরুরীভিত্তিতে পদায়ন করা প্রয়োজন মর্মে সভায় অবহিত করা হয়।</td><td>১) বান্দরবান ইউনিট কার্যালয়ের বিদ্যমান শূন্যপদে জনবল নিয়োগের প্রশাসনিক অনুমোদনের জন্য মন্ত্রণালয়ে প্রেরণ করতে হবে।<br>২) বান্দরবান ইউনিটে ০১ জন উপসহকারী প্রকৌশলী জরুরীভিত্তিতে পদায়নের বিষয়ে মন্ত্রণালয়ে চাহিদাপত্র প্রেরণ করতে হবে।</td><td>সহকারী প্রকৌশলী (ক্ষুদ্র সেচ), বিএডিসি, বান্দরবান।</td></tr>
<tr><td>২৩</td><td>২৩.১) <u>বিএডিসি (সার)</u> ঃ<br>উপসহকারী পরিচালক, বিএডিসি (সার) কর্তৃক চলতি অর্থবছরে সরকারি প্রণোদনায় ৩০৫৪.০০ মে.টন নন-ইউরিয়া সার সরবরাহ ও মজুদের বিবরণ সভায় উপস্থাপন করা হয়। সংক্ষিপ্ত বিবরণ :
<table>
<tr><th>সারের নাম</th><th>বিক্রয় (মেট্রিক টন)</th><th>বর্তমানে মজুদ (মেট্রিক টন)</th></tr>
<tr><td>টিএসপি সার</td><td>৭৮৫.৭৫</td><td>৪৯.১৫</td></tr>
<tr><td>এমওপি সার</td><td>৮৪৪.৯০</td><td>১৫০.৯৫</td></tr>
<tr><td>ডিএপি সার</td><td>১৪২৩.৩৫</td><td>১১৯.১৫</td></tr>
<tr><td>সর্বমোট =</td><td>৩০৫৪.০০</td><td>৩১৯.২৫</td></tr>
</table></td><td>বিক্রয়কৃত সার সুষ্ঠ ও সুন্দরভাবে ডিলার কর্তৃক সংরক্ষণ ও ঠিকমতো বিক্রয় ও সরবরাহ করছে কিনা মনিটরিং অব্যহত রাখতে হবে।</td><td>উপসহকারী পরিচালক, বিএডিসি (সার), বান্দরবান।</td></tr>
<tr><td>২৪</td><td>২৪.১) <u>পর্যটন উন্নয়ন সংক্রান্ত</u> ঃ<br>ইউনিট ব্যবস্থাপক, পর্যটন মোটেল জানান, বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। পর্যটকের আগমন নেই।<br>পর্যটন উন্নয়নের জন্য আরো নতুন স্পট তৈরী ও পর্যটক সেবা কার্যক্রম গ্রহণের প্রয়োজনীয়তা বিষয়ে সভায় আলোচনা হয়।</td><td>পর্যটন উন্নয়নের জন্য নতুন উদ্যোগ নিতে হবে। এ সংক্রান্ত বিষয়ে অভিজ্ঞদের মতামতসহ একটি সার্বিক কার্যক্রমের প্রতিবেদন জেলা পরিষদে দাখিল করার জন্য অনুরোধ করা হলো।</td><td>ইউনিট ব্যবস্থাপক, পর্যটন মোটেল, বান্দরবান</td></tr>
<tr><td rowspan="2">২৫</td><td><u>বাজার ফান্ড সংস্থা, বান্দরবান</u> ঃ<br>২৫.১) <u>লামা বাজারের পুকুর সংক্রান্ত মামলা</u> ঃ<br>প্রধান সহকারী, বাজার ফান্ড জানান যে, মামলাটি শুনানী পর্যায়ে চলমান আছে। আগামী ০৪/০২/২০২৪ তারিখ শুননীর দিন ধার্য্য আছে। বর্ণিত জমিটি সাব-কবলা পাওয়া গেছে। তৌজি সংশোধন করে তৌজিভুক্ত করার ব্যবস্থা গ্রহণ করা প্রয়োজন।</td><td>১) মামলার শুনানীতে নিয়মিত হাজিরা প্রদান পূর্বক সুষ্ঠভাবে মামলা পরিচালনার লক্ষ্যে সার্বিক সহযোগিতা প্রদানের জন্য কানুনগো-কে অনুরোধ করা হয়।<br>২) সাব-কবলা অনুযায়ী রেকর্ড সংশোধনের জন্য জেলা প্রশাসক বরাবর পত্র লিখার জন্য প্রধান সহকারী, বাজার ফান্ডকে তাগিদ দেয়া হলো।</td><td>ভারপ্রাপ্ত কর্মকর্তা, ও প্রধান সহকারী, বাজার ফান্ড সংস্থা, এবং কানুনগো, এ পরিষদ।</td></tr>
<tr><td>২৫.২) <u>ধোপা পুকুরে স্থাপিত অবৈধ নলকূপ অপসারণ</u> ঃ<br>প্রধান সহকারী, বাজার ফান্ড সংস্থা জানান যে, ধোপা পুকুরে স্থাপিত নলকূপগুলো এখনো অপসারণ করা হয়নি। সংশ্লিষ্টদেরকে একাধিকবার নোটিশ দেয়া হয়েছে।<br>বিষয়টি নিষ্পত্তির জন্য সরেজমিন পরিদর্শন করে মতামত দেয়ার জন্য সভায় নিম্নরূপ টিম গঠন করা হয়।<br>১) জনাব লক্ষীপদ দাশ, সম্মানিত সদস্য, এ পরিষদ।<br>২) ভারপ্রাপ্ত কর্মকর্তা, বাজার ফান্ড সংস্থা, বান্দরবান।<br>৩) কানুনগো, এ পরিষদ।<br>৪) সার্ভেয়ার, এ পরিষদ।</td><td>আগামী মাসিক সভার পূর্বে নলকূপ অপসারণের ব্যবস্থা নেয়ার জন্য সভায় আলোচনা হয়। এরপর ও অপসারণ করা না হলে সংশ্লিষ্ট পক্ষকে চূড়ান্ত নোটিশ প্রদানের মাধ্যমে অপসারণের জন্য মামলা রুজু করা হবে বলে সভায় সকলে একমত পোষণ করেন।</td><td>ভারপ্রাপ্ত কর্মকর্তা, ও প্রধান সহকারী, বাজার ফান্ড, বান্দরবান।</td></tr>
</table>

| ক্র:নং | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|
| | ২৫.৩) **চাকঢালা বাজারের স্ক্যাচম্যাপ অনুমোদন** ঃ<br>প্রধান সহকারি বাজার ফান্ড জানান যে, বিগত সভার সিদ্ধান্ত অনুযায়ী উক্ত বাজারের ডিজিটাল সার্ভের নক্সা ও প্রতিবেদন পাওয়া যায়নি। এ প্রসঙ্গে কানুনগো জানান যে, উক্ত বাজারের জন্য জেলা প্রশাসক কর্তৃক চাকঢালা বাজার স্থাপনের জন্য বাজার ফান্ড প্রশাসকের অনুকূলে নাইক্ষ্যংছড়ি মৌজাধীন ১৯৩৬ ও ১৯৪২ দাগের আন্দর ১.০০ একর জমি হস্তান্তর/বরাদ্দের আদেশের কপি পাওয়া গেছে। তবে নামজারি হয়নি। মিস মামলা নং : ৩/১৯৮১-১৯৮২ (ডি)। নামজারির পর জমি সীমানা চিহ্নিত ও ডিজিটাল সার্ভে করা সম্ভব হবে। | চাকঢালা বাজারের ১.০০ একর জমি বাজার ফান্ডের নামে নামজারি মামলা রুজুর ব্যবস্থা করতে হবে। | প্রধান সহকারী, বাজার ফান্ড সংস্থা এবং কানুনগো এ পরিষদ। |
| | ২৫.৪) **বলিপাড়া বাজার পরিসীমা নির্ধারণ সংক্রান্ত** ঃ<br>বলিপাড়া বাজারের নামে জমি রেকর্ডভুক্ত না থাকায় বাজারের সীমানা নির্ধারণ ও ডিজিটাল সার্ভে করে ম্যাপ করা যায়নি। বর্তমানে যে পরিমাণ জমিতে বাজার স্থাপিত সে অনুযায়ী জমি বাজারের নামে রেকর্ড সৃষ্টির জন্য বন্দোবস্তী/যথাযথ প্রক্রিয়া গ্রহণের বিষয়ে গুরুত্বারোপ করা হয়। | বিদ্যমান বাজার এলাকা পরিমাপ করে স্বত্ব সৃষ্টির জন্য বন্দোবস্তী মামলা রুজু করতে হবে। বলিপাড়া বাজারের জমির পেরী-ফেরী পরিচিহ্নিত করে জরুরী ভিত্তিতে প্রতিবেদন দাখিলের জন্য তাগিদ দেয়া হলো। | প্রধান সহকারী, বাজার ফান্ড সংস্থা এবং সার্ভেয়ার, এ পরিষদ। |
| | ২৫.৫) বান্দরবান বাজার চৌধুরী (প্রয়াত জনাব মংক্যচিং চৌধুরী) এর নিকট হতে বকেয়া রাজস্ব পাওনা আদায় সংক্রান্ত ঃ<br>বান্দরবান বাজারে ২০২০-২০২৩ সনের বকেয়া রাজস্বাদি বাবদ ৩৩,৩৫,৭২৯.৯২ টাকা প্রয়াত বাজার চৌধুরী জনাব মংক্যচিং চৌধুরী একমাত্র পুত্র ও উত্তরাধিকারী জনাব অংক্য উইন কে পর পর বহুবার বার পত্র দেয়া হয়েছে। অদ্যাবধি উক্ত টাকা জমা প্রদান করেননি। | বকেয়া অর্থ জমা প্রদানের জন্য তাগিদপত্র প্রদান এবং তার বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা নিতে হবে। | ভারপ্রাপ্ত কর্মকর্তা ও প্রধান সহকারী বাজার ফান্ড সংস্থা বান্দরবান। |
| | ২৫.৬) **সকল বাজারে হালনাগাদ ম্যাপ প্রস্তুতকরণ সংক্রান্ত** ঃ<br>পূর্ববর্তী সভার সিদ্ধান্ত বান্দরবান বাজার ফান্ড সংস্থার নিয়ন্ত্রণাধীন সকল বাজারের জমির রেকর্ডপত্র কানুনগো এবং সার্ভেয়ার নিকট নেই। জরুরীভিত্তিতে জমির রেকর্ডপত্র সরবরাহ করার জন্য প্রধান সহকারী, বাজার ফান্ড-কে তাগিদ দেয়া হয়। | ১) প্রত্যেকটি বাজার এর জন্য আলাদা আলাদাভাবে নথি সৃজন করতে হবে এবং কানুনগো ও সার্ভেয়ারকে জমির রেকর্ডপত্র হস্তান্তর করতে হবে। | ভারপ্রাপ্ত কর্মকর্তা ও প্রধান সহকারী বাজার ফান্ড সংস্থা বান্দরবান। |
| | ২৫.৭) **বাজার ইজারা মূল্য আদায় সংক্রান্ত** ঃ<br>বান্দরবান বাজারে ২০২২-২০২৩ সনের ইজারা ভ্যাট ও অন্যান্য অর্থ বাবদ অদ্যাবধি = ৫,২৩,১০০/- টাকা জমা প্রদান না করায় নিরীক্ষালে অডিট আপত্তি উত্থাপিত হয়েছে। বকেয়া অর্থসমূহ আদায়ের লক্ষ্যে বান্দরবান পৌরসভার ০৪নং ওয়ার্ডে কাউন্সিলর জনাব মোঃ ওমর ফারুকসহ জনাব কেলুমংকে নিয়ে বৈঠক করার জন্য সভায় আলোচনা হয়। | বকেয়া অর্থ আদায়ের লক্ষ্যে বান্দরবান পৌরসভার, ০৪নং ওয়ার্ডের কাউন্সিলর ও জনাব কেলুমংকে নিয়ে বৈঠক করার জন্য ব্যবস্থা গ্রহণ করতে হবে। | ভারপ্রাপ্ত কর্মকর্তা এবং প্রধান সহকারী বাজার ফান্ড সংস্থা বান্দরবান। |
| | ২৫.৮) বড় মদক বাজার সংক্রান্ত :<br>বড় মদক বাজারের ২.০২ একর জমি নামজারি চূড়ান্ত পর্যায়ে রয়েছে। উক্ত বাজারের ব্যবসায়ীদের লীজ প্রদানের কার্যক্রম চলমান। উক্ত বাজারের উন্নয়নের জন্য পরিকল্পনা গ্রহণের উদ্যোগ নিতে হবে। | বড় মদক বাজার উন্নয়নের জন্য উদ্যোগ নিতে হবে। | ভারপ্রাপ্ত কর্মকর্তা বাজার ফান্ড সংস্থা |
| | ২৫.৯) বান্দরবান বাজারের বকেয়া ইজারামূল্য আদায় সংক্রান্ত :<br>বান্দরবান বাজারের বিগত অর্থবছরের ইজারাদার নিকট হতে বকেয়া ইজারামূল্য আদায় হয়নি। সংশ্লিষ্ট ব্যক্তিদের আগামীকাল (২৩/১/২০২৪) তাঁর দপ্তরে উপস্থিতির ব্যবস্থা গ্রহণের জন্য ভারপ্রাপ্ত কর্মকর্তা, বাজার ফান্ডকে সভাপতি নির্দেশনা প্রদান করেন। | বান্দরবান বাজারের বকেয়া ইজারামূল্য আদায়ের জন্য সংশ্লিষ্টদের ২৩/১/২০২৪ খ্রিঃ সকাল ১১.০০ টায় শুনানীর জন্য নোটিশ দিতে হবে। | প্রধান সহকারী বাজার ফান্ড সংস্থা বান্দরবান। |

চলমান-১৮

| ক্র:নং | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|
| ২৬ | **ভূমি বিভাগ :**<br>২৬.১) **পরিষদের রেস্টহাউসসমূহের জমিরেকর্ড সংশোধন** ঃ<br>নিম্নবর্ণিত ২টি রেষ্ট হাউস এর রেকর্ড সংশোধন করার বিষয়ে সভায় আলোচনা হয়।<br>১। রোয়াংছড়ি উপজেলা রেস্টহাউস।<br>২। লামা উপজেলা রেষ্ট হাউস। | রোয়াংছড়ি ও লামা রেষ্ট হাউস এর জায়গার মালিকানা রেকর্ড সংশোধন করার জন্য বাজেট বরাদ্দ রাখতে হবে। | জনাব ক্য সা প্রু, সম্মানিত সদস্য, ভূমি কর্মকর্তা কানুনগো, এ পরিষদ। ও হিসাব ও নিরীক্ষা কর্মকর্তা। |
| | ২৬.২) **পরিষদ ক্যাম্পাস এলাকার জায়গা সংরক্ষণ সংক্রান্ত** ঃ<br>পরিষদ মসজিদ সংলগ্ন বহুতলবিশিষ্ট প্লাজা কনভেশন হল কর্তৃপক্ষ কর্তৃক পরিষদের ০.১৯ একর জমি অতিরিক্ত ভোগদখলের বিপরীতে উপযুক্ত ভাড়া প্রদান কিংবা জমি ছেড়ে দেয়ার বিষয়টি প্লাজা নিস্পত্তি করা সম্ভব হয়নি। প্লাজা কনভেশন হল কর্তৃক অতিরিক্ত দখলীয় জমি সুনির্দিষ্টভাবে চিহ্নিত করে সংশ্লিষ্ট অংশ পরিষদের দখলে আনা প্রয়োজন।<br>পরিষদ ক্যাম্পাস এলাকাটি বান্দরবান-কেরাণীহাট প্রধান সড়কের পাশে অবস্থিত। ভবিষ্যতে এ নিয়ে জটিলতা সৃষ্টি না হয় সে লক্ষ্যে পরিষদ এবং সড়ক ও জনপথ বিভাগের জমি চিহ্নিত করার বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়। | ১. পরিষদের জায়গা প্লাজা কনভেশন কর্তৃক ভোগদখলীয় ০.১৯ (উনিশ শতক) একর জমি সুনির্দিষ্টভাবে চিহ্নিত করে নিজেদের দখলে আনতে হবে।<br>২. বান্দরবান-কেরাণীহাট প্রধান সড়কের আশে স্থিত পরিষদের জমি এবং সড়ক ও জনপথ বিভাগের জমি সীমানা চিহ্নিত করতে হবে। এ লক্ষ্যে সড়ক ও জনপদ বিভাগকে পত্র প্রেরণ করতে হবে। | ভূমি কর্মকর্তা, ও কানুনগো, এ পরিষদ। |
| | ২৬.৩) **রুমা থানা পাড়ায় ক্রয়কৃত জমি সংরক্ষণ সংক্রান্ত** ঃ<br>রুমা থানা পাড়ায় ক্রয়কৃত জমির উপর স্থিত গাছগুলো পারমিট করে বিক্রির জন্য কার্যক্রম চলমান। নিলাম বিজ্ঞপ্তির প্রেক্ষিতে প্রথম পর্যায়ে প্রাপ্ত নিলাম দর যথাযথ না হওয়ায় পুন:নিলামের কার্যক্রম প্রক্রিয়াধীন রয়েছে মর্মে সভায় জানা যায়। | ১। যথাযথ প্রক্রিয়ায় গাছগুলো নিলাম পূর্বক অতিদ্রুত অপসারণ করার জন্য গঠিত কমিটিকে তাগিদ দেয়া হল।<br>২) গাছগুলো অপসারণের পর ক্রয়কৃত জমির সীমানা চিহ্নিত করে সংরক্ষণের উদ্যোগ নিতে হবে। | সম্মানিত সদস্য জনাব ক্য সা প্রু, আহবায়ক ও সংশ্লিষ্ট কমিটির সদস্যবৃন্দ। |
| | ২৬.৪) **পরিষদ ক্যাম্পাস এলাকাধীন খাসজমি বন্দোবস্তি সংক্রান্ত ও ডিজিটাল ম্যাপ তৈরী** ঃ<br>প্রকৌশল বিভাগ কর্তৃক পরিষদ ক্যাম্পাস এলাকা ডিজিটাল সার্ভে এবং ম্যাপ তৈরীর সময় ভূমি বিভাগ ও প্রশাসন শাখাকে সম্পৃক্ত না করায় সম্পাদিত সার্ভেটি যথাযথ হয়নি। তাই পুনরায় সঠিকভাবে সার্ভে করার বিষয়ে একমত পোষণ করা হয়। | পরিষদের নামীয়/ভোগদখলীয় জায়গা রক্ষার্থে পুনরায় ডিজিটাল সার্ভে করে উপযুক্ত ম্যাপ তৈরী করতে হবে।<br>২) পর্যায়ক্রমে বাউন্ডারী ওয়াল নির্মাণের ব্যবস্থা গ্রহণ করতে হবে। | নির্বাহী কর্মকর্তা, নির্বাহী প্রকৌশলী এবং কানুনগো/সার্ভেয়ার, এ পরিষদ। |
| | ২৬.৫) **জেলা পরিষদ কর্তৃক পরিচালিত শিক্ষা প্রতিষ্ঠানের নামে বরাদ্দকৃত জমি নামজারি সংক্রান্ত** ঃ<br>জেলা পরিষদ কর্তৃক স্থাপিত ও পরিচালিত জেলা পরিষদ স্কুল এন্ড কলেজ (রামজাদী এলাকা) এবং জেলা পরিষদ উচ্চ বিদ্যালয় এর নামে পরিষদের নামীয় জমি রেকর্ড সংশোধনের জন্য নামজারি মামলা রুজু হয়েছে। নামজারীর কার্যক্রম চলমান আছে । | বর্ণিত ০২টি শিক্ষা প্রতিষ্ঠানের অনুকূলে প্রস্তাবিত জমি বরাদ্দের আলোকে জমি নামজারী কার্যক্রম অতিসত্ত্বর সমপন্ন করতে হবে। | ভূমি কর্মকর্তা, ও কানুনগো, এ পরিষদ। |

চলমান-১৯

| ক্র:নং | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|
| | **২৬.৬) <u>নামজারী অনুমোদন সংক্রান্ত</u> ঃ** গত ২৭/০৮/২০২৩ হতে ১৪/১১/২০২৩ খ্রিস্টাব্দ পর্যন্ত জেলা প্রশাসকের কার্যালয় হতে প্রাপ্ত নামজারি মামলাসমূহ বান্দরবান পার্বত্য জেলা পরিষদ আইন, ১৯৮৯ (সংশোধিত ১৯৯৮) এর ৬৪ ধারা মোতাবেক পূর্বানুমোদন/নিষ্পত্তি পূর্বক জেলা প্রশাসকের কার্যালয়ে প্রেরণ করা হয়েছে। মামলার বিবরণ ঃ (নিচের সারণি দ্রষ্টব্য) | অবহিত হওয়া গেল। অনিষ্পন্ন মামলাসমূহের রেকর্ডপত্র ঘাটতি মেটানো/ত্রুটি সংশোধনের জন্য সংশ্লিষ্ট কর্তৃপক্ষ/ব্যক্তিকে নোটিশ প্রদান করে মামলাসমূহ নিষ্পত্তির ব্যবস্থা নিতে হবে। | ভূমি কর্মকর্তা ও কানুনগো, এ পরিষদ। |

| উপজেলা | পূর্বের জের | নতুনপ্রাপ্ত মামলা | মোট মামলা | অনুমোদিত মামলার সংখ্যা | অনিষ্পন্ন মামলা |
|---|---|---|---|---|---|
| বান্দরবান সদর | ১৭১ | ৮৯ | ২৬০ | ৮৩ | ১৭৭ |
| রুমা | ০৪ | ১৬ | ২০ | ০১ | ১৯ |
| থানচি | ০১ | ০৩ | ০৪ | ০২ | ০২ |
| রোয়াংছড়ি | ২৬ | ০৬ | ৩২ | ০১ | ৩১ |
| আলীকদম | ১৬ | ০৪ | ২০ | ০৪ | ১৬ |
| নাইক্ষ্যংছড়ি | ১২ | ০২ | ১৪ | ০২ | ২২ |
| লামা | ৪৫ | ০৮ | ৫৩ | ০৮ | ৪৫ |
| এল. এ মামলা | -- | -- | -- | -- | -- |
| সর্বমোট = | ২৭৫ | ১২৮ | ৪০৩ | ১০১ | ৩০২ |

| ক্র:নং | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|
| | **২৬.৮) <u>জমি হস্তান্তরের ক্ষেত্রে পরিষদের পূর্বানুমোদন গ্রহণ সংক্রান্ত</u> ঃ** বান্দরবান পার্বত্য জেলা পরিষদ আইন, ১৯৮৯ (সকল সংশোধনসহ) এর ৬৪ (ক) ধারায় **<u>ভূমি সংক্রান্ত বিশেষ বিধান</u>** - এ সকল প্রকার জমি বন্দোবস্ত, ক্রয়, বিক্রয়, ওয়ারিশসূত্রে হস্তান্তর ইত্যাদি ক্ষেত্রে মামলা সৃজনের পূর্বে বান্দরবান পার্বত্য জেলা পরিষদের পূর্বানুমোদন গ্রহণের বিধান রয়েছে। বর্তমান প্রক্রিয়ায় তা প্রতিপালন করা হচ্ছে না। তাই এখন হতে আইন মোতাবেক পূর্বানুমোদন প্রক্রিয়া গ্রহণের জন্য জেলা প্রশাসক ও উপজেলা নির্বাহী অফিসার সকলকে অবহিত করা যায় মর্মে সভায় আলোচনা হয়। | জমি হস্তান্তরের উপর পরিষদের পূর্বানুমোদন গ্রহণের ক্ষেত্রে বান্দরবান পার্বত্য জেলা পরিষদ আইন, ১৯৮৯ এর ধারা : ৬৪(ক) **<u>ভূমি সংক্রান্ত বিশেষ বিধান</u>** মোতাবেক যথাযথ প্রক্রিয়া গ্রহণের জন্য জেলা প্রশাসক ও উপজেলা নির্বাহী অফিসার সকলকে অনুরোধ পত্র লেখা হবে। | মুখ্য নির্বাহী কর্মকর্তা, ভূমি কর্মকর্তা, কানুনগো, এ পরিষদ। |
| | **২৬.৯) <u>লামা চাম্বি মৌজায় পরিষদের নামে রেকর্ডীয় জমি সংক্রান্ত</u> ঃ** লামা উপজেলাধীন ৩০৭নং চাম্বি মৌজায় পরিষদের নামে ক্রয়সূত্রে রেকর্ডীয় মোট ০.৮০ (আশি শতক) একর ১ম শ্রেনী জমি আছে। তন্মধ্যে ০.৩০ (ত্রিশ শতক) একর জমি বিভিন্ন জনের দখলে আছে। স্থানীয়ভাবে অবৈধ দখলদারদের উচ্ছেদ কিংবা আইনানু প্রক্রিয়া গ্রহণের বিষয়ে সভায় আলোচনা হয়। | অবৈধ দখলদারদের উচ্ছেদ করার জন্য উচ্ছেদ মামলা রুজু করতে হবে। পরিষদের নামীয় ৮০ শতক জমি চিহ্নিত করতে হবে। | ভূমি কর্মকর্তা ও কানুনগো, এ পরিষদ। |
| ২৭ | **২৭.১) <u>পরিষদের উন্নয়ন কার্যক্রম বাস্তবায়ন সংক্রান্ত</u> ঃ** বান্দরবান পার্বত্য জেলা পরিষদ কর্তৃক চলতি ২০২৩-২৪ অর্থবছরে স্কিম বাস্তবায়ন কার্যক্রমের অগ্রগতির প্রতিবেদন নিম্নরূপ : (নিচের সারণি দ্রষ্টব্য) | ২০২৩-২৪ অর্থবছরে গৃহিত স্কিমসমূহের কার্যাদেশ প্রদানের প্রক্রিয়া যথাসময়ে সম্পন্ন করে প্রকল্প বাস্তাবায়ন করতে হবে। | নির্বাহী প্রকৌশলী এ পরিষদ। |

| কোড অনুযায়ী বরাদ্দ (লক্ষ টাকা) | নতুন স্কিম | মন্তব্য |
|---|---|---|
| ২২১০০০৯০০ (বিশেষ) ৫২০০.০০ | ৯৬টি | ২০২৩-২০২৪ অর্থবছরে নতুন স্কিমের সংখ্যা ৯৬টি এবং চলমান স্কিমের সংখ্যা ৮৭টি = সর্বমোট ১৮৩টি। চলমান ৮৭টি স্কিমের মধ্যে ২৪টি স্কিমের কাজ সমাপ্ত হয়েছে।নতুন ৯৬টি স্কিমের কার্যাদেশ প্রদানে প্রক্রিয়াধীন। |
| ২২১০০১০০০ (এডিপি উন্নয়ন) ১৭১৫.০০ | ২২টি | ২০২৩-২০২৪ অর্থবছরে নতুন স্কিমের সংখ্য ২২টি এবং চলমান স্কিমের সংখ্যা ৮৭টি=মো ৬৬টি। চলমান ৬৬টি স্কিমের মধ্যে ২০ স্কিমের কাজ সমাপ্ত হয়েছে।নতুন ২২টি স্কিমে কার্যাদেশ প্রদানে প্রক্রিয়াধীন। |

চলমান-২০

<table>
<tr><th>ক্র:নং</th><th>আলোচনা</th><th>সিদ্ধান্ত</th><th>বাস্তবায়নকারী</th></tr>
<tr><td>২৮</td><td><u>ইজারা সংক্রান্ত</u> :<br>২৮.১) <u>পরিষদের বিভিন্ন রেস্টহাউস ইজারা সংক্রান্ত</u> ঃ<br>পরিষদের নিয়ন্ত্রণাধীন ০৫টি রেস্ট হাউস ইজারা কার্যক্রমের আওতায় শুধুমাত্র নাইক্ষ্যংছড়ি রেষ্ট হাউজের নির্বাচিত ইজারাদাকে কার্য্যাদেশ প্রদান করা হয়েছে। অন্যান্য ৪টি রেষ্ট হাউসের অনুকূলে উপযুক্ত দরপ্রস্তাব না পাওয়ায় ইজারা প্রদান করা যায়নি। সংক্ষিপ্ত বিবরণ :<br>১। লামা উপজেলা রেষ্ট হাউস-<br>২। রুমা বাজার রেষ্ট হাউস-<br>৩। রুমা থানা পাড়া রেষ্ট হাউস-<br>(১–৩) সিডিউল বিক্রি না হওয়ায় পুন: ইজারা বিজ্ঞপ্তি জারি করা হয়েছে।<br>৪। আলীকদম উপজেলা রেষ্ট হাউস- পূর্ববর্তী দরের চেয়ে কম দর দাখিল করায় পুন: ইজারা বিজ্ঞপ্তি জারি করা হয়েছে।</td><td>যথাযথভাবে ইজারা কার্যক্রম গ্রহণ করতে হবে।</td><td>নির্বাহী কর্মকর্তা<br>এবং<br>প্রশাসনিক কর্মকর্তা<br>এ পরিষদ</td></tr>
<tr><td></td><td>২৮.২) <u>পরিষদের নিয়ন্ত্রণাধীন ০৭টি টোলপয়েন্ট সংক্রান্ত</u> ঃ<br>পরিষদ সভার সিদ্ধান্তক্রমে ইজারাকৃত নিম্নবর্ণিত ০৭টি টোল পয়েন্টের ইজারা বাতিলের বিষয়ে মহামান্য আদালত ও মন্ত্রণালয়ের নির্দেশের বিরুদ্ধে সংশ্লিষ্ট ব্যক্তিদের রুজুকৃত মামলা চলমন থাকায় আইনগত কারণে ইজারা কার্যাদেশ প্রদান করা যায়নি।
<table>
<tr><th>ক্রম</th><th>টোল পয়েন্টের নাম</th></tr>
<tr><td>০১</td><td>লামা থানার অন্তর্গত আজিজনগর-গজালিয়া রাস্তার মাথা সড়ক পথ</td></tr>
<tr><td>০২</td><td>"ইয়াংছা খালের মুখ নদী পথ (বান্দরবান সীমানা)"</td></tr>
<tr><td>০৩</td><td>আলীকদম- ফাঁসিয়াখালী সড়কে কুমারী বাজার সংলগ্ন সড়ক পথ (বান্দরবান সীমানা)"</td></tr>
<tr><td>০৪</td><td>ফাইতং এলাকাধীন বানিয়াছড়া সংলগ্ন সড়ক পথ ও সোনাইছড়ি খাল নদী পথ</td></tr>
<tr><td>০৫</td><td>সরই ইউনিয়নস্থ হাছনা ভিটা বনবিট অফিস সংলগ্ন সড়ক পথ</td></tr>
<tr><td>০৬</td><td>ফাঁসিয়াখালী ইউনিয়নের ইয়াংছা মানিকপুর সড়ক পথ</td></tr>
<tr><td>০৭</td><td>নাইক্ষ্যংছড়ি থানা হাসপাতাল সংলগ্ন সড়ক পথ</td></tr>
</table></td><td>নির্ধারিত ইজারা মূল্য আদায়ের জন্য প্রয়োজনে প্রশাসনিক কর্মকর্তা ইজারাদারদের সাথে মুঠোফোনে যোগাযোগ করে চুক্তিপত্র সম্পাদন ও কার্যাদেশ পত্র ইস্যু করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন।</td><td>নির্বাহী কর্মকর্তা<br>ও<br>প্রশাসনিক কর্মকর্তা<br>এ পরিষদ।</td></tr>
<tr><td></td><td>২৮.৩) <u>পরিষদ ফিলিং স্টেশন সংলগ্ন দোকান ঘর ইজারা প্রদান সংক্রান্ত-</u><br>জেলা পরিষদ ফিলিং স্টেশন সংলগ্ন পরিষদের অর্থায়নে নির্মিত দোকান ঘর ভাড়া প্রদানের বিষয়ে প্রশাসনিক সিদ্ধান্তে জন্য নথি উপস্থাপিত। কর্তৃপক্ষের সিদ্ধান্ত পাওয়ার সাথে সাথে ইজারা বিজ্ঞপ্তি জারি করা হবে মর্মে সভায় অবহিত করা হয়।</td><td>অবিলম্বে ইজারা বিজ্ঞপ্তি জারি করে দোকানসমূহ ভাড়া প্রদানের ব্যবস্থা নিতে হবে।</td><td>নির্বাহী কর্মকর্তা<br>ও<br>প্রশাসনিক কর্মকর্তা<br>এ পরিষদ।</td></tr>
<tr><td>২৯</td><td>২৯.১) <u>জেলা পরিষদ স্কুল এন্ড কলেজ পরিচালনা সংক্রান্ত</u> ঃ<br>জেলা পরিষদ, স্কুল এন্ড কলেজ এর শিক্ষা কার্যক্রম অস্থায়ী ক্যাম্পাসে পরিচালিত হচ্ছে। স্কুল ভবনের নির্মাণ কাজ চলমান। স্কুল ভবন এবং ছাত্রাবাস নির্মাণ কাজ সম্পন্ন না হওয়ায় কাঙ্খিত শিক্ষার্থী ভর্তি হয়নি মর্মে সভায় জানা যায়। শিক্ষার্থীদের যাতায়াতের সুবিধার্থে<br>একটি মিনি বাস ক্রয় করার বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়।</td><td>১। স্কুল ভবন (ছাত্রাবাসসহ) নির্মাণ কাজ দ্রুত সম্পন্ন করতে হবে।<br>৩। একটি মিনি বাস ক্রয় করার ব্যবস্থা করতে হবে।</td><td>নির্বাহী প্রকৌশলী<br>ও<br>নির্বাহী কর্মকর্তা<br>এ পরিষদ।</td></tr>
<tr><td></td><td rowspan="2">২৯.২) <u>জেলা পরিষদ লামা গালর্স কলেজ স্থাপন সংক্রান্ত</u> ঃ<br>বর্ণিত শিক্ষা প্রতিষ্ঠান স্থাপনের জন্য প্রয়োজনীয় প্রস্তুতি গ্রহণের বিষয়ে সভায় পুনরায় আলোচনা হয়। পরিষদের নিয়ন্ত্রণাধীণ লামা টিটিএন্ডডিসি রেস্ট হাউস ভবনটি গার্লস কলেজ হিসেবে ব্যবহারের উপযোগী করার জন্য প্রকল্প গ্রহণের মাধ্যমে মেরামত করার বিষয়ে সভায় সকলে একমত পোষণ করেন।</td><td>লামা গালর্স কলেজের কার্যক্রম শুরু করার জন্য ভবন মেরামতের ব্যবস্থা করতে হবে।</td><td>নির্বাহী প্রকৌশলী</td></tr>
<tr><td></td><td>কলেজের প্রশাসনিক কার্যক্রম শুরু করার জন্য জনবল নিয়োগ ও অন্যান্য পদক্ষেপ গ্রহণ করতে হবে।</td><td>নির্বাহী কর্মকর্তা<br>এ পরিষদ।</td></tr>
<tr><td></td><td>২৯.৩) <u>ছাত্রাবাস/ছাত্রীনিবাস পরিচালনা সংক্রান্ত</u> :<br>বান্দরবান জেলা দূর্গম এলাকার গরীব ও পিছিয়ে পড়া উপজাতীয় শিক্ষার্থীদের উদ্দেশ্যে প্রাক্তন এনডিসি জনাব আব্দুল আউয়াল কর্তৃক দানকৃত জায়গায় পরিষদ কর্তৃক স্থাপিত শৈলশোভায় আবাসিক ছাত্রাবাস এবং দেওয়ানজী পুকুর পারে স্থাপিত ছাত্রী নিবাসটি চালু করার লক্ষ্যে সার্বিক ব্যবস্থা গ্রহণের জন্য সভাপতি নির্দেশনা প্রদান করেন।</td><td>পরিষদ কর্তৃক স্থাপিত শৈলশোভা আবাসিক ছাত্রাবাস এবং দেওয়ানজী পুকুর পারে স্থাপিত ছাত্রী নিবাস চালু করার ব্যবস্থা নিতে হবে।</td><td>জনাব সিং ইয়ং ম্রো,<br>সম্মানিত সদস্য<br>এবং<br>নির্বাহী কর্মকর্তা<br>এ পরিষদ।</td></tr>
</table>

চলমান-২১

<table>
<tr><th>ক্র:নং</th><th>আলোচনা</th><th>সিদ্ধান্ত</th><th>বাস্তবায়নকারী</th></tr>
<tr><td></td><td>২৯.৪) <u>ন্যস্ত বিভাগসমূহ পর্যবেক্ষণ ও পরিদর্শনসমূহ ওয়াটস এ্যাপ এর মাধ্যমে সম্পাদন ও যোগাযোগ</u> ঃ<br>পরিষদে ন্যস্ত বিভাগের বিভাগীয় প্রধানগণ প্রতিমাসের মাঠ পযায়ের কার্যক্রম পরিদর্শনের ছবি (Whats app) গ্রুপে আপলোড করে সরকারি কাজের গতিশীলতা আনয়নের জন্য পরিষদের মুখ্য নির্বাহী কর্মকর্তা সভায় সংশ্লিষ্ট সকলকে অনুরোধ করেন।<br>একইভাবে পরিষদের সম্মানিত সদস্যগণও বিভিন্ন কার্যক্রম পরিদর্শনের সময় পরিদর্শনের ছবি (Whats app) গ্রুপে আপলোডকরণ কিংবা পরিদর্শনের বিষয়, স্থান উল্লেখ করে সংক্ষিপ্ত আকারে প্রতিবেদন মাননীয় চেয়ারম্যান বরাবর দাখিল করা হবে মর্মে সভায় আলোচনা হয়।</td><td>১। ন্যস্ত বিভাগের বিভাগীয় প্রধানগণের পরিদর্শনের ছবি (Whats app) গ্রুপে আপলোড করতে হবেন।<br>২। পরিষদের সম্মানিত সদস্যগণ কর্তৃক সম্পাদিত পরিদর্শন কার্যক্রমের প্রতিবেদন মাননীয় চেয়ারম্যান বরাবর দাখিল করবেন।</td><td>সকল সম্মানিত সদস্য,<br>ও<br>সকল ন্যস্ত বিভাগীয় প্রধান।</td></tr>
<tr><td></td><td>২৯.৫) <u>জেলা পরিষদ ও সদর রেস্ট হাউজে জামে মসজিদের ইমাম,খাদেম, খতিব এর বেতন বৃদ্ধি সংক্রান্ত</u> ঃ<br>বান্দনবান পার্বত্য জেলা পরিষদের নিম্নবর্ণিত ০২টি মসজিদের দৈনিক ভিত্তিতে নিয়োজিত ইমাম, খাদেম, খতিবদের মাসিক বেতন বৃদ্ধির আবেদন/প্রস্তাব সভায় উত্থাপন করা হয় এবং বিস্তারিত আলোচনান্তে সভায় গৃহিত হয়।
<table>
<tr><th>মসজিদের নাম</th><th>নাম ও পদবি</th><th>বর্তমানে গৃহিত বেতন</th><th>বেতন বৃদ্ধির পরিমান</th></tr>
<tr><td rowspan="2">বান্দরবান সদর রেস্ট হাউস জামে মসজিদ</td><td>১.জনাব মোঃ মোস্তাফিজুর রহমান, ইমাম কাম খতিব</td><td>১১,০০০/-</td><td>১৫,০০০/-</td></tr>
<tr><td>২.জনাব আসাদুল ইসলাম মুয়াজ্জিম কাম খাদেম</td><td>১০,০০০/-</td><td>১২,০০০/-</td></tr>
<tr><td rowspan="2">বান্দরবান পার্বত্য জেলা পরিষদ মসজিদ</td><td>১.জনাব মোঃ সহিদুল ইসলাম ইমাম কাম মুয়াজ্জিম</td><td>১১,০০০/-</td><td>১৫,০০০/-</td></tr>
<tr><td>২.জনাব মোঃ ফৌজুল করিম খাতিব</td><td>৭,০০০/-</td><td>৮,০০০/-</td></tr>
</table></td><td>প্রস্তাবিত ০২টি মসজিদে নিয়োজিত ইমাম, মুয়াজ্জিম-কাম-খাদেম, খতিব-দের মাসিক বেতন বৃদ্ধির আবেদন/প্রস্তাব সভায় অনুমোদন করা হয়।</td><td>নির্বাহী কর্মকর্তা<br>ও<br>হিসাব নিরীক্ষা কর্মকর্তা<br>এ পরিষদ</td></tr>
<tr><td></td><td>২৯.৬) <u>জ্বালানী তৈল ব্যবহার ও অডিট সংক্রান্ত</u> ঃ<br>চলতি অর্থবছরে জ্বালানী খাতে বরাদ্দ অপ্রতুল হওয়ায় সকল যানবাহনে জ্বালানী ব্যবহার সীমিত রাখার বিষয়ে সভায় আলোচনা হয়। এ বিষয়ে যানবাহন ব্যবহারকারী সকল কর্মকর্তা/শাখা প্রধানগণের দৃষ্টি আকর্ষণ করা হয়।</td><td>অতিরিক্ত জ্বালানী খরচ ও মেরামত কাজে সাশ্রয়ী হওয়ার জন্য সংশ্লিষ্ট সকলকে অবহিত করতে হবে।</td><td>নির্বাহী কর্মকর্তা<br>ও<br>প্রশাসনিক কর্মকর্তা<br>এ পরিষদ।</td></tr>
<tr><td></td><td>২৯.৭) <u>পার্বত্য মেলা আয়োজন সংক্রান্ত :</u><br>পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয় কর্তৃক আগামী ১৪-১৭ জানুয়ারি, ২০২৪ পর্যন্ত ০৪ দিনব্যাপী পার্বত্য মেলায় পরিষদের ব্যবস্থাপনায় স্টল প্রদান এবং সাংস্কৃতিক অনুষ্ঠান আয়োজনের জন্য টিম গঠন ও প্রেরণ করা প্রয়োজন।</td><td>পার্বত্য মেলা,২০২৪ এ অংশগ্রহণের জন্য যথাযথ ব্যবস্থা গ্রহণ করতে হবে। এ বাবদ ব্যয় পরিষদের এডিপি/সংশ্লিষ্ট খাত হতে মেটানো হবে</td><td>মুখ্য নির্বাহী কর্মকর্তা<br>এ পরিষদ।</td></tr>
<tr><td></td><td>২৯.৮) <u>কর্মকর্তা ও কর্মচারীদের নিয়মিত অফিসে উপস্থিতি নিশ্চিতকরণ :</u><br>সভাপতি বলেন, সরকারের স্মার্ট বাংলাদেশ বিনির্মাণের অংশ হিসেবে পরিষদের সকল কার্যক্রমের অধিকতর গতিশীলতা আনয়ন এবং পরিকল্পনা মাফিক গৃহিত কর্মসূচী বাস্তবায়ন করা আবশ্যক। তার পরিষদের সম্মানিত সদস্যবর্গ, কর্মকর্তা ও কর্মচারীবৃন্দকে নিয়মিত অফিসে উপস্থিতি নিশ্চিত করতে হবে এবং বিভিন্ন উন্নয়ন কার্যক্রম যথাযথভাবে ও যথাসময়ে বাস্তবায়ন নিশ্চিত করতে হবে।</td><td>১) সকল কর্মকর্তা ও কর্মচারীদের নিয়মিত অফিসে উপস্থিতি নিশ্চিত করতে হবে।<br>২) সকল কর্মকর্তা ও সংশ্লিষ্ট কর্মচারীদের নিয়মিত উন্নয়ন কার্যক্রম পরিদর্শন ও তদারকীর অব্যাহত রাখতে হবে।</td><td>মুখ্য নির্বাহী কর্মকর্তা,<br>নির্বাহী কর্মকর্তা,<br>নির্বাহী প্রকৌশলী<br>এ পরিষদ।</td></tr>
</table>

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি সভায় গৃহিত সিদ্ধান্তসমূহ যথাযথভাবে বাস্তবায়নের লক্ষ্যে উপস্থিত সকলকে আন্তরিকভাবে দায়িত্ব পালনের অনুরোধ ও ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।.

(ক্য শৈ হ্লা)
চেয়ারম্যান
বান্দরবান পার্বত্য জেলা পরিষদ।

স্মারক নং ঃ ২৯.৩৫.০৩০০.০০৩.০৬.২৭৪.১৯- ৩৮৬ তারিখ ঃ ২৫ /০৩/২০২৪ খ্রিঃ।

অনুলিপি সদয় কার্যার্থে ও জ্ঞাতার্থে প্রেরণ করা হল (জেষ্ঠতার ক্রমানুসারে নয়)-

০১। মাননীয় চেয়ারম্যান, পার্বত্য চট্টগ্রাম আঞ্চলিক পরিষদ, রাঙ্গামাটি পার্বত্য জেলা।

০২। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

০৩। মাননীয় সংসদ সদস্য, বাংলাদেশ জাতীয় সংসদ, ৩০০নং আসন, বান্দরবান।

০৪+১৭। সিনিয়র সচিব/সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়/স্বাস্থ্যসেবা বিভাগ/স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ/কৃষিমন্ত্রণালয়/শিক্ষামন্ত্রণালয়/সমাজ কল্যাণ মন্ত্রণালয়/ ভূমি মন্ত্রণালয়/পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয়/ বেসামরিক বিমান পরিবহন ও পর্যটন মন্ত্রণালয়/ যুব ও ক্রীড়া মন্ত্রণালয়/মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়/সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়/ প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয় ,বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

১৮। ব্রিগেড কমান্ডার, ৬৯ পদাতিক ব্রিগেড, বান্দরবান সেনা রিজিয়ন, বান্দরবান।

১৯+২৬। মহা-পরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর/পরিবার পরিকল্পনা অধিদপ্তর/কৃষি সম্প্রসারণ অধিদপ্তর/যুব উন্নয়ন অধিদপ্তর/প্রাথমিক শিক্ষা অধিদপ্তর/ মৎস্য ও প্রাণিসম্পদ অধিদপ্তর/মাধ্যমিক শিক্ষা অধিদপ্তর/শিল্পকলা একাডেমি, ঢাকা।

২৭। প্রধান প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর/স্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, ঢাকা।

২৮। ভাইস-চেয়ারম্যান, পার্বত্য চট্টগ্রাম উন্নয়ন বোর্ড, রাঙ্গামাটি।

২৯। জেলা প্রশাসক, বান্দরবান পার্বত্য জেলা।

৩০+৩২। মুখ্য নির্বাহী কর্মকর্তা, বান্দরবান/রাঙ্গামাটি/খাগড়াছড়ি/ পার্বত্য জেলা পরিষদ।

৩৩। পুলিশ সুপার, বান্দরবান পার্বত্য জেলা।

৩৪। মাননীয় প্রতিমন্ত্রীর একান্ত সচিব, পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

৩৫+৪২। উপজেলা চেয়ারম্যান, সদর/রোয়াংছড়ি/রুমা/থানছি/লামা/আলীকদম/নাইক্ষ্যংছড়ি উপজেলা পরিষদ, বান্দরবান পার্বত্য জেলা।

৪৩+৪৪। মেয়র, বান্দরবান / লামা, পৌরসভা, বান্দরবান।

৪৫+৬৮। ........................................ ...... ... .... বান্দরবান। (সকল ন্যস্ত বিভাগীয়প্রধান)।

৬৯+৭৫। উপজেলা নির্বাহী অফিসার, সদর/রোয়াংছড়ি/রুমা/থানছি/লামা/আলীকদম/নাইক্ষ্যংছড়ি উপজেলা, বান্দরবান পার্বত্য জেলা।

৭৬। ........................................................................................................................।

(মোঃ আব্দুল্লাহ আল মামুন)
নির্বাহী কর্মকর্তা
বান্দরবান পার্বত্য জেলা পরিষদ।

স্মারক নং ঃ ২৯.৩৫.০৩০০.০০৩.০৬.২৭৪.১৯- ৩৮৬ তারিখ ঃ /০৩/২০২৪খ্রিঃ।

অনুলিপি : সদয় অবগতির জন্য প্রেরণ করা হল - (জ্যেষ্ঠতাক্রমানুসারে নয়)

১-১৪। জনাব ক্যসাপ্রু/জনাব কাঞ্চনজয় তঞ্চঙ্গ্যা/জনাব মোঃ মাহবুবুর রহমান/জনাব দুংড়িমং মার্মা/জনাব লক্ষীপদ দাস/জনাব জুয়েল বম/জনাব সিংইয়ং ম্রো/জনাব সত্যহা পান্জি ত্রিপুরা/জনাব মোঃ মোজাম্মেল হক বাহাদুর/ জনাব শৈহ্লাচিং বাশৈচিং মার্মা/জনাব ক্যানে ওয়ান চাক্/ মিসেস তিংতিংম্যা/বেগম ফাতেমা পারুল/জনাব সিঅং খুমী, সম্মানিত সদস্য, এ পরিষদ।

১৫+২০। ......................................... ............., এ পরিষদ (সকল কর্মকর্তা)।

২১। জনসংযোগ কর্মকর্তা, এ পরিষদ। (ওয়েবসাইটে প্রকাশের জন্য)।

২২। জনাব ........ ........ ..... ............................।

২৩। অফিস কপি।

(মোঃ আব্দুল্লাহ আল মামুন)
নির্বাহী কর্মকর্তা।
বান্দরবান পার্বত্য জেলা পরিষদ।